নুশিন ইলেকট্রনিক্স



প্রোঃ মোঃ রেদওয়ান

এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।

স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক চাঁদপুর দিগন্ত

সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত

The Daily Chandpur Diganta

সত্য প্রকাশে অবিচল

বুধবার

রেজিঃ নং-চ-৫১৩
২৫ নভেম্বর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-১১৩
১০ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ
১৪ জমাঃ সানি ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা

E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

যেকোনও চ্যালেঞ্জ মোকাবিলায় সশস্ত্র বাহিনী প্রস্তুত : প্রধানমন্ত্রী

দিগন্ত ডেস্ক

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, তিন বাহিনীর বিশেষ যৌথ সামরিক মহড়া বিশ্বদরবারে বাংলাদেশের সশস্ত্র বাহিনীর সক্ষমতা তুলে ধরবে । এ মহড়া বিশ্বকে স্পষ্ট বার্তা দেবে যে, বাংলাদেশের সশস্ত্র বাহিনী অত্যন্ত সুসংগঠিত, পেশাদার এবং যেকোনও চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত।

মঙ্গলবার (২৪ নভেম্বর) নোয়াখালীর স্বর্ণদ্বীপের ভিউ পয়েন্ট-১-এ বাংলাদেশ সেনা, নৌ ও বিমানবাহিনীর বিশেষ যৌথ প্রশিক্ষণ মহড়া পরিদর্শনকালে এ

● ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে চুরি হওয়া গাড়ি সাতক্ষীরায় যুবদল নেতার ঘের থেকে উদ্ধার

বিশেষ প্রতিনিধি



হাজীগঞ্জে চুরি হওয়া প্রাইভেটকার সাতক্ষীরায় উদ্ধার।

সাতক্ষীরার আশাশুনিতে উপজেলা যুবদলের সদস্য সচিব আবু জাহিদ সোহাগের মাছের ঘের থেকে হাজীগঞ্জে চুরি হওয়া একটি প্রাইভেটকার উদ্ধার করেছে পুলিশ। সোমবার ভোরে উপজেলার বুধহাটা ইউনিয়নের বাউসুলী (মান্দারা) এলাকার একটি ঘের থেকে সাদা রঙের টয়োটা করোলা গাড়িটি উদ্ধার করা হয়। তবে এ ঘটনায় কাউকে আটক করতে পারেনি পুলিশ।

স্থানীয় সূত্র ও পুলিশ জানায়, হাজীগঞ্জ পৌরসভার হাকিমাবাদ গ্রামের আবুল কাশেমের একটি গাড়ি চুরির ঘটনায় গত ১৯ অক্টোবর হাজীগঞ্জ থানায় মামলা হয়। মামলাটির নম্বর ৩৩। তদন্তে নেমে পুলিশ জানতে পারে, চুরি হওয়া গাড়িটি সাতক্ষীরার আশাশুনি উপজেলার বাউসুলী এলাকায়

● ২-এর পাতায় দেখুন



চাঁদপুরে মেঘনা এক্সপ্রেস ট্রেনের ধাক্কায় যুবকের মৃত্যু

শহর প্রতিনিধি

চাঁদপুরে মেঘনা এক্সপ্রেস ট্রেনের ধাক্কায় মেহেদী (২২) নামে এক যুবকের মৃত্যু হয়েছে।

মঙ্গলবার (২৪ নভেম্বর) ভোর ৫টার দিকে মেঘনা এক্সপ্রেস ট্রেনটি চাঁদপুর থেকে চট্টগ্রামের উদ্দেশ্যে ছেড়ে যাওয়ার সময় শহরের দর্জিঘাট এলাকার পূর্ব পাশে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, ফজরের নামাজ আদায় করে তারা সকালে হাঁটতে বের হয়েছিলেন। এ সময় মেঘনা এক্সপ্রেস ট্রেনটি ছেড়ে যাওয়ার কিছুক্ষণ পর দর্জিঘাট এলাকার পূর্ব পাশে লোকজনের জটলা দেখতে পান। পরে সেখানে গিয়ে মেহেদীকে রেললাইনের পাশে পড়ে থাকতে দেখেন। তাদের ধারণা, ট্রেনের ধাক্কায় মাথায় আঘাত পেয়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়েছে।

● ২-এর পাতায় দেখুন

এইচএসসি ফল বিপর্যয় : চাঁদপুরের ১৩টি শিক্ষাপ্রতিষ্ঠানকে শোকজ

স্টাফ রিপোর্টার

চলতি বছরের এইচএসসি পরীক্ষায় পাসের হার ৩০ শতাংশের নিচে থাকা ৭৯ শিক্ষাপ্রতিষ্ঠানকে কারণ দর্শানোর (শোকজ) নোটিশ দিয়েছে কুমিল্লা শিক্ষা বোর্ড। একই সঙ্গে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর অধ্যক্ষদের মঙ্গলবার (২৪ নভেম্বর) বোর্ডের জরুরি সভায় সশরীরে উপস্থিত হওয়ার জন্য নির্দেশনা দেয়া হয়েছে।

সোমবার (২৩ নভেম্বর) সকালে গণমাধ্যমকে এসব তথ্য জানিয়েছেন শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মো. আহসান পারভেজ।

বোর্ডে তলব করা ৭৯টি শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে সর্বোচ্চ ৩১টি প্রতিষ্ঠান কুমিল্লা জেলার। বাকিগুলোর মধ্যে নোয়াখালীর ১৫টি, চাঁদপুরের ১৩টি, লক্ষ্মীপুরের ১১টি, ব্রাহ্মণবাড়িয়ার ৫টি এবং ফেনী জেলার ৪টি প্রতিষ্ঠান রয়েছে।

চিঠিতে বলা হয়েছে, চলতি বছরের এইচএসসি পরীক্ষায় ৩০ শতাংশের কম শিক্ষার্থী পাস করায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে কেন বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে না- সে বিষয়ে সুস্পষ্ট কারণ ব্যাখ্যাসহ লিখিত জবাব দাখিল করতে হবে। পাশাপাশি, মঙ্গলবার সকাল ১০টায় বোর্ডের

● ২-এর পাতায় দেখুন

হামের উপসর্গে একদিনে ৯ জনের মৃত্যু

দিগন্ত ডেস্ক

দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে ৯ জন মারা গেছেন। মৃতদের মধ্যে ঢাকা ও সিলেট বিভাগে ৩ জন করে এবং চট্টগ্রাম, বরিশাল ও খুলনা বিভাগে ১ জন করে রয়েছেন। একই সময়ে নতুন করে ৬৮ জনের হাম নিশ্চিত হয়েছে।

মঙ্গলবার স্বাস্থ্য অধিদপ্তরের সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্রের নিয়মিত স্বাস্থ্য সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে ২৩ নভেম্বর সকাল ৮টা থেকে ২৪ নভেম্বর সকাল ৮টা পর্যন্ত সময়ের তথ্য দেওয়া হয়েছে।

এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় দেশজুড়ে ১ হাজার ২৮৩ জন সন্দেহজনক হাম রোগী শনাক্ত হয়েছেন। বিভাগভিত্তিক হিসাবে সবচেয়ে বেশি শনাক্ত হয়েছেন ঢাকা বিভাগে, ৫২৬ জন। এছাড়া চট্টগ্রামে ১৮৩ জন, সিলেটে ১৬৭ জন, বরিশালে ১৩৮ জন, খুলনায় ১০৭ জন, ময়মনসিংহে ৯০ জন, রাজশাহীতে ৩৯ জন ও রংপুরে ৩৩ জন সন্দেহজনক রোগী পাওয়া গেছে।

নতুন নিশ্চিত হওয়া ৬৮ জন রোগীর মধ্যে ৪৩ জন ঢাকা বিভাগের এবং ২৫ জন সিলেট বিভাগের। গত ২৪ ঘণ্টায় হাসপাতালে নতুন ভর্তি হয়েছেন ১ হাজার ২০৮ জন। সুস্থ

● ২-এর পাতায় দেখুন



চাঁদপুরে আন্তর্জাতিক অভিবাসী দিবস ও প্রবাসী দিবস উদযাপনের লক্ষে প্রস্তুতিমূলক সভায় সভাপতির বক্তব্য রাখছেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) একরামুল ছিদ্দিক।

জিয়াউলের হাতে ১১৫ জনের বেশি মানুষ খুনের স্বীকার

দিগন্ত ডেস্ক

জিয়াউল আহসানের বিরুদ্ধে ১১৫ জনের বেশি মানুষকে সরাসরি হত্যার অভিযোগ। সাক্ষীদের বর্ণনায় উঠে এসেছে, নির্বিচারে হত্যার স্বীকার হয়েছেন ১৫০ থেকে ২০০ মানুষ।

সাক্ষীদের জবানবন্দির ভিত্তিতে এসব হত্যাকাণ্ডের তথ্য শনাক্ত করা হয়েছে বলে জানিয়েছেন ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম।

সাবেক সেনা কর্মকর্তা জিয়াউল আহসানের বিরুদ্ধে দায়ের করা মানবতাবিরোধী অপরাধের মামলায় প্রথম ধাপের যুক্তিতর্ক উপস্থাপন শেষে মঙ্গলবার (২৪ নভেম্বর) ট্রাইব্যুনাল প্রাঙ্গণে

● ২-এর পাতায় দেখুন



ফরিদগঞ্জে অবৈধ ড্রেজারের বিরুদ্ধে অভিযানে ড্রেজার ও পাইপ অকেজো করছেন প্রশাসন।

ড্রেজার ও পাইপ অকেজো করল প্রশাসন, নিরাপত্তার আশ্বাস ইউএনওর

ফরিদগঞ্জে অবৈধ ড্রেজারের বিরুদ্ধে অভিযান, সাংবাদিককে হুমকি

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে অবৈধভাবে বালু উত্তোলনের অভিযোগে ড্রেজার ও প্লাস্টিকের পাইপ অকেজো করেছে প্রশাসন। এ সময় অভিযানের সংবাদ সংগ্রহ করতে গিয়ে ফরিদগঞ্জ প্রেসক্লাবের সভাপতি আবু হেনা মোস্তফা কামালকে হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে। ঘটনার পর সাংবাদিকদের নিরাপত্তার আশ্বাস দিয়েছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মেহেদী হাসান মানিক।

সোমবার (তারিখ) বিকেল থেকে রাত পর্যন্ত ফরিদগঞ্জ পৌর এলাকার কেরোয়া গ্রামের গুদারাচর এলাকায় এ অভিযান পরিচালিত হয়। অবৈধ ড্রেজার চালানোর খবর পেয়ে রাতে ঘটনাস্থলে যান ইউএনও মেহেদী হাসান মানিক ও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা

● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে আন্তর্জাতিক অভিবাসী দিবস ও প্রবাসী দিবস উদযাপনের লক্ষে প্রস্তুতিমূলক সভা

শহর প্রতিনিধি

চাঁদপুর জেলা প্রশাসন এবং জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের আয়োজনে আগামী ১৮ ডিসেম্বর আন্তর্জাতিক অভিবাসী দিবস ও জাতীয় প্রবাসী দিবস-২০২৬ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। ২৪ নভেম্বর (বুধবার) বেলা সাড়ে ১২টায় চাঁদপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমানের পক্ষে সভাপতিত্ব করেন ও বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) একরামুল ছিদ্দিক। তিনি বলেন, আগামী ১৮ ডিসেম্বর যথাযোগ্য মর্যাদায় 'আন্তর্জাতিক অভিবাসী দিবস ও জাতীয় প্রবাসী দিবস-২০২৬' উদযাপিত হতে যাচ্ছে। প্রবাসী অধ্যুষিত জেলা হিসেবে চাঁদপুরের অর্থনীতিতে প্রবাসীদের অবদান অপরিসীম। তাঁদের সম্মান জানাতে এবং নিরাপদ অভিবাসন ও বৈধ পথে রেমিট্যান্স প্রেরণে সচেতনতা বাড়াতে এবারের আয়োজনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। দিবসটি উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি, আলোচনা সভা, সর্বোচ্চ রেমিট্যান্স প্রেরণকারীদের সম্মাননা

● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরের গ্রামেগঞ্জে ক্যারাম খেলার আড়ালে জুয়ার আসর

স্টাফ রিপোর্টার

চাঁদপুর সদর উপজেলার ৬নং মৈশাদী ইউনিয়নের বিভিন্ন এলাকার চায়ের দোকানগুলোতে ক্যারাম খেলার আড়ালে নিয়মিত জুয়ার আসর বসার অভিযোগ উঠেছে। এসব আসরে বিভিন্ন বয়সী মানুষের পাশাপাশি স্কুলপড়ুয়া শিক্ষার্থীরাও জড়িয়ে পড়ছে, যা নিয়ে স্থানীয় অভিভাবক ও সচেতন মহলের মধ্যে তীব্র উদ্বেগ দেখা দিয়েছে।

স্থানীয় সূত্রে জানা গেছে, ইউনিয়নের বেশ কয়েকটি চায়ের দোকানে দিনরাত ক্যারাম বোর্ড বসিয়ে টাকার বিনিময়ে জুয়া খেলা চলছে। খেলাকে কেন্দ্র করে প্রায়ই খেলোয়াড়দের মধ্যে বাগ্‌বিতণ্ডা ও ঝগড়ার সৃষ্টি হচ্ছে, যা কখনো কখনো মারামারিতেও রূপ নিচ্ছে। এর ফলে এলাকার স্বাভাবিক ও সামাজিক পরিবেশ নষ্ট হওয়ার পাশাপাশি উঠতি বয়সী শিক্ষার্থীদের পড়াশোনা ও চরিত্রে নেতিবাচক প্রভাব পড়ছে। এ বিষয়ে স্থানীয় বাসিন্দা সুজন গাজী জানান, আগে ইউনিয়ন পরিষদের উদ্যোগে গ্রাম পুলিশ পাঠিয়ে

● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে পুলিশের অভিযানে যাবজ্জীবন সাজাপ্রাপ্ত পলাতক আসামি গ্রেপ্তার



পুলিশের অভিযানে গ্রেপ্তার যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামি শহিদুল ইসলাম কালু জমাদার।

শহর প্রতিনিধি

চাঁদপুরে পুলিশের বিশেষ অভিযানে শাহরাস্তি থানার মাদক মামলায় যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত পলাতক আসামি শহিদুল ইসলাম কালু জমাদারকে গ্রেপ্তার করেছে চাঁদপুর সদর মডেল থানা পুলিশ।

সোমবার (২৪ নভেম্বর) চাঁদপুর সদর থানাধীন পূর্ব জাফরাবাদ রঘুনাথপুর এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃত শহিদুল ইসলাম কালু জমাদার (পিতা: নুরুল ইসলাম জমাদার) পূর্ব জাফরাবাদ এলাকার বাসিন্দা। তিনি শাহরাস্তি থানায় দায়ের করা মাদক মামলার (জিআর

● ২-এর পাতায় দেখুন



হাইমচরে দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণে উপস্থিত হাইমচর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নজরুল ইসলাম।

হাইমচরে দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ

হাইমচর প্রতিনিধি

হাইমচরে দুর্যোগ মোকাবিলায় প্রস্তুতি, সচেতনতা বৃদ্ধি এবং কার্যকর ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে 'দুর্যোগ ব্যবস্থাপনা' বিষয়ক এক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৪ নভেম্বর) উপজেলা প্রশাসন ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের উদ্যোগে উপজেলা পরিষদ, হাইমচরের সভাকক্ষে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে উপস্থিত ছিলেন হাইমচর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নজরুল ইসলাম, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মো. নজরুল ইসলাম শফিক এবং আলগী বাজার আলিম সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা মাহমুদ জিল্লুর রহমান ফারুকী। এছাড়াও প্রশিক্ষণে বিভিন্ন

● ২-এর পাতায় দেখুন

ডেঙ্গুতে আরো ৪ জনের মৃত্যু, হাসপাতালে ১১৪৫

দিগন্ত ডেস্ক

দেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে ৪ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ১১৪৫ জন।

মঙ্গলবার স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোলরুম থেকে পাঠানো ডেঙ্গুবিষয়ক এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, সোমবার সকাল ৮টা থেকে মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে দুই সিটি করপোরেশনসহ ঢাকা বিভাগে ৪১৫ জন, বরিশাল বিভাগে ১৩৭, চট্টগ্রামে ১৭৩, খুলনায় ১৪১, রাজশাহীতে ১৩১, ময়মনসিংহে ৮৫, রংপুরে ৫৮ এবং সিলেটে ৫ জন ভর্তি হয়েছেন। এ ছাড়া বর্তমানে হাসপাতালে অসুস্থ হয়ে ভর্তি রয়েছেন ৪৮৬১ জন। আর হাসপাতাল থেকে এখন পর্যন্ত মোট

● ২-এর পাতায় দেখুন



বিমানবন্দরে পাখি তাড়াতে আধুনিক প্রযুক্তি ও বন্দুক কেনার নির্দেশ

নিজস্ব প্রতিবেদক

বিমানবন্দরে পাখি ও বন্যপ্রাণীর কারণে উড়োজাহাজ চলাচলে ঝুঁকি মোকাবিলায় আধুনিক প্রযুক্তি ব্যবহারের নির্দেশ দিয়েছেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত। এ জন্য বিমানবন্দরগুলোতে অত্যাধুনিক 'অ্যান্টি বার্ড কন্ট্রোল ইউনিট' স্থাপন, প্রয়োজনীয় সংখ্যক বন্দুক কেনা এবং শূন্য পদে দ্রুত জনবল নিয়োগের নির্দেশ দিয়েছেন তিনি। মঙ্গলবার (২৪ নভেম্বর) রাজধানীতে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) সম্মেলন কক্ষে 'ন্যাশনাল কমিটি ফর ওয়াইল্ডলাইফ হ্যাজার্ড ম্যানেজমেন্ট অ্যাট দ্য এয়ারপোর্টস অব বাংলাদেশ'-এর প্রথম সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব নির্দেশনা দেন।

মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে বর্তমান সরকার দেশের এভিয়েশন খাতের উন্নয়নে কাজ করছে। এ খাতের উন্নয়নে নিরাপদে উড়োজাহাজের উড্ডয়ন ও অবতরণ নিশ্চিত করা অপরিহার্য। এ জন্য সাম্প্রতিক সময়ে সংঘটিত বার্ড হিটের (উড়োজাহাজের সঙ্গে পাখির সংঘর্ষ) তথ্য যাচাই করে বিমানবন্দরগুলোতে কার্যকর বন্যপ্রাণী ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে। তিনি বলেন, উদ্ভূত সমস্যা সমাধানে অত্যাধুনিক প্রযুক্তির অ্যান্টি বার্ড কন্ট্রোল ইউনিট স্থাপনের মাধ্যমে বিমানবন্দরগুলোতে পাখির চলাচল নিয়ন্ত্রণ করতে হবে। পাশাপাশি প্রয়োজনীয় সংখ্যক বন্দুক কেনা এবং শূন্য পদে দ্রুত জনবল নিয়োগের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কাজ শুরু করার নির্দেশ দেন তিনি।

সভায় কমিটির সদস্যদের উদ্দেশে বিমানমন্ত্রী বলেন, বিমানবন্দরগুলোতে নিরাপদ উড্ডয়ন অঞ্চল (সেফ ফ্লাই জোন) নিশ্চিত করতে সংশ্লিষ্ট সব পক্ষকে সমন্বিতভাবে কাজ করতে হবে। এ বিষয়ে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ ও কার্যকর সমন্বয়ের জন্য প্রতি তিন মাস অন্তর কমিটির সভা আয়োজনের নির্দেশনাও দেন তিনি। সভায় বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব ড. নূরুন্নাহার চৌধুরী, এনডিসি,

● ২-এর পাতায় দেখুন

নামাজের সময়সূচী
২৫ নভেম্বর ২০২৬
বুধবার

ফজর শুরু	ভোর ৪.৪৬
যোহর শুরু	দুপুর ১১.৪৬
আসর শুরু	বিকেল ৩.৪৮
মাগরিব শুরু	সন্ধ্যা ৫.২৮
এশা শুরু	রাত ৭.৪২

সূত্র: ইসলামিক ফাউন্ডেশন

স্থান পরিবর্তন

পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।

নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।

নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

আল কাউসার স্কুল হাজিগঞ্জ
২০২৭ শিক্ষাবর্ষে ভর্তি চলছে
আসন সংখ্যা সীমিত
আবাসিক/অনাবাসিক
■ শিশু শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত ■ মাধ্যমিক শাখায় বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা ৩টি বিভাগই চালু আছে
■ ৬ষ্ঠ শ্রেণি থেকে শুধুমাত্র ছাত্র ভর্তি করা হয়।
ভর্তি শুরু ২ নভেম্বর'২৬
ক্লাস শুরু ১ জানুয়ারী'২৭
প্রধান শিক্ষক 01309-131307
প্রতিষ্ঠা ও পরিচালনায়ঃ আল কাউসার ট্রাস্ট, হাজিগঞ্জ। 01819-190633, 01815-584721, 01816-863188

২০২৭ শিক্ষাবর্ষে ভর্তি চলছে
সাফল্যের দুই যুগ পেরিয়ে
মাদ্‌রাসা শিক্ষা ধারায় নতুন দিগন্তের প্রতীক
আল-আমিন মডেল মাদরাসা
আবাসিক/অনাবাসিক
মাদ্‌রাসা বিভাগ: শিশু-দাখিল ৯ম শ্রেণি (সাধারণ ও বিজ্ঞান) ■ হিফজুল কুরআন বিভাগ ■ নাজেরা বিভাগ ■ নূরানী বিভাগ
নিউ ট্রাক রোড (মস্তান বাড়ী), চাঁদপুর। 01817-633714, 01825-079782, 01816-553868
দাখিল ২০২৬ এর ফলাফল: ১০জন A+সহ ৯৬% পাস
ছাত্রী শাখা
আলাদা ক্যাম্পাসে ৪র্থ - ৯ম শ্রেণিতে ছাত্রী ভর্তি চলছে

ভর্তি চলছে!! ভর্তি চলছে!!
আদর্শ একাডেমী ফরিদগঞ্জ
ফরিদগঞ্জ উপজেলায় জে.এস.সি ও এস.এস.সি তে বছরব্যাপী ১ম স্থান অর্জনকারী শ্রেষ্ঠ প্রতিষ্ঠান।
বৈশিষ্ট্য সমূহঃ
মাল্টিমিডিয়া ক্লাস।
অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী দ্বারা পাঠদান।
আধুনিক ও ইসলামী শিক্ষার সমন্বয়।
সর্বাধিক পরিমাণ ক্লাস।
বাড়ীর কাজ, টিউটোরিয়াল পরীক্ষা।
গাইড শিক্ষকের মাধ্যমে তত্ত্বাবধান।
অনগ্রসর শিক্ষার্থীদের বিশেষ তত্ত্বাবধান।
৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণিতে পৃথক শাখায় ছাত্র/ছাত্রী ভর্তি করা হচ্ছে।
প্লে থেকে নবম শ্রেণি
আবাসিক ✓ অনাবাসিক ✗
পরিবহনের সু-ব্যবস্থা
ভর্তি চলছে
www.adarshaacademyfaridgonj.imj.bd
adarshaf@yahoo.com Adarsha Academy Faridgonj
01712-752990, 01718-520857, 01728-168333, 01724-746131

হিলশা ইলেকট্রনিক্স
WALTON KONKA GREE
01623-392568, 01818-734125, 01633-153049
শো-রুম ১: ওয়্যারলেছ বাজার, চাঁদপুর সদর, চাঁদপুর। শো-রুম ২: চৌরাস্তা বাজার, বাগাদী, চাঁদপুর সদর, চাঁদপুর।

এইচএসসি-২০২৭ ব্যাচের শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয় ভর্তি কোচিং এ
৪০০০/- ছাড়ে ভর্তি চলছে.....
আলহামদুলিল্লাহ!!! চাঁদপুর থেকে প্রতিবছর বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের টপ রেজাল্টগুলো আমাদেরই। চাঁদপুরে অবস্থান করে Uniaid Chandpur এ কোচিং করে বিগত ৭ বছরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৫১ জন সহ বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে ৫৪০+ জনের চান্স!
ইউনিএইড চাঁদপুর থেকে বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্সপ্রাপ্তদের নিয়ে সর্বশেষ অনুষ্ঠিত হওয়া ৩টি গ্র্যান্ড সেলিব্রেশনের একাংশ
Uniaid Chandpur ফেসবুক আইডিতে খোঁজ নিলেই প্রমাণ পাবেন
uniaid CHANDPUR
ছায়বানী মোড় থেকে ২০০ গজ দক্ষিণে, আলিম পাড়া (প্রিমিয়ার হাসপাতালের বিপরীতে), চাঁদপুর।
মোবাইল : ০১৯৫৮০২০৮০৮, ০১৮২৩০৭৯১২৬

SE
মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক
চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
বুধবার ২৫ নভেম্বর ২০২৬, ১০ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ, ১৪ জমাঃ সানি ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
★Kids Spoken
+ Reading Comprehension
★Advanced Spoken
★Professional Spoken
English Grammar
৫ হাজী মহসিন রোড, স্পোর্টস গ্যালারির সাথেই, নিচতলায়, চাঁদপুর সদর, চাঁদপুর।
01974-924300

পালিয়ে যাবো না বলে যে চলে যায়, আসি আসি বলেও সে আসে না : হাসনাত

দিগন্ত ডেস্ক

শেখ হাসিনার দেশে ফেরা প্রসঙ্গে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সিনিয়র যুগ্ম আহ্বায়ক ও সংসদ সদস্য হাসনাত আবদুল্লাহ বলেছেন, শেখ হাসিনা সারাজীবন বলে এসেছেন, তাঁরা পালিয়ে যাবেন না। অথচ পালিয়ে যাওয়ার পর এখন তিনি দেশে ফেরার কথা বললেও আর ফিরবেন না।

মঙ্গলবার (২৪ নভেম্বর) দুপুরে রাজধানীর মানিক মিয়া অ্যাভিনিউয়ে নৈরাজ্যের বিরুদ্ধে এনসিপির মোটরসাইকেল র‍্যালির আগে বক্তব্য রাখতে গিয়ে এসব কথা বলেন তিনি।

শেখ হাসিনার জন্য বিমান পাঠানোর দাবি প্রসঙ্গে হাসনাত আবদুল্লাহ বলেন, উনি কি মেহমান নাকি, উনার জন্য বিমান পাঠাতে হবে? আমড়া তো চাঁই, উনি ফেরত আসুক। ফেরত আসলে উনার জন্য ফাঁসির মঞ্চ প্রস্তুত আছে।

শেখ হাসিনার দেশে ফেরার বিষয়টিকে নাটক আখ্যা দিয়ে তিনি বলেন, বাংলাদেশে তার কিছু অনুসারী রয়েছে। তাদের উজ্জীবিত করার জন্য এসব নাটক করা হচ্ছে। একবার বিমান পাঠাতে বলা হচ্ছে,

● ২-এর পাতায় দেখুন



চাঁদপুর জেলা টাস্কফোর্স কমিটি, জেলা পণ্য বিপণন কমিটির সভায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট সানজিদা আনাম ঋতু।

চাঁদপুর জেলা টাস্কফোর্স কমিটির গুরুত্বপুর্ণ সভা

হোটেল-রেস্তোরাঁগুলো খাবারের মানের দিকে যথেষ্ট নজর দিচ্ছি না

-----নির্বাহী ম্যাজিস্ট্রেট সানজিদা আনাম ঋতু

শহর প্রতিনিধি

চাঁদপুর জেলা তেল মনিটরিং কমিটি, জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য পরিস্থিতি সংক্রান্ত জেলা টাস্কফোর্স কমিটি, জেলা পণ্য বিপণন কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

২৪ নভেম্বর (বুধবার) সকাল ১০টায় চাঁদপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমানের পক্ষে সভাপতিত্ব করেন ও বক্তব্য রাখেন জেলা প্রশাসনের সহকারি কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সানজিদা আনাম ঋতু।

তিনি বলেন, আমাদের জেলায় দিন-রাত সবসময়ই হোটেল-রেস্তোরাঁ ও দোকানপাটে খাবার পাওয়া যায়। কিন্তু দুঃখজনক হলেও সত্য, আমরা খাবারের মানের দিকে যথেষ্ট নজর দিচ্ছি না। বিশেষ করে আমাদের প্রতিদিনের খাবারের মেনুতে অতিরিক্ত তেল-চর্বিযুক্ত খাবার, যেমন–সিঙ্গারা, সমুচা এবং অন্যান্য ভাজাপোড়া খাবারের আধিক্য অনেক বেশি। এসব অস্বাস্থ্যকর খাবার বাদ দিয়ে আমাদের হোটেল ও রেস্তোরাঁ ব্যবসায়ীদের উচিত স্বাস্থ্যসম্মত

● ২-এর পাতায় দেখুন

আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশন (AFA) ইন্টারন্যাশনালের সঙ্গে

ঐতিহাসিক সমঝোতা স্মারক স্বাক্ষর করল ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি

দিগন্ত ডেস্ক

বাংলাদেশে প্রথম বিশ্ববিদ্যালয় হিসেবে আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশনের (অঋঅ) INTERNATIONAL এর সঙ্গে সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করেছে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ডিআইইউ)। দুই প্রতিষ্ঠানের মধ্যে পারস্পরিক সম্পর্ক ও সহযোগিতার নতুন সুযোগ তৈরির লক্ষ্যে সোমবার ২৩ নভেম্বর, ২০২৬ ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির স্থায়ী ক্যাম্পাসে এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এ উপলক্ষে আর্জেন্টিনার রাষ্ট্রদূত ও AFA International প্রতিনিধিদল বিশ্ববিদ্যালয়টি সফর করেন। সফরকালে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে বৈঠক, শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময়, ক্যাম্পাস পরিদর্শন ও প্রশিক্ষণ কার্যক্রম অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স এবং ডিপার্টমেন্ট অব ফিজিক্যাল এডুকেশন অ্যান্ড স্পোর্টস সায়েন্স এর যৌথ উদ্যোগে এই ঐতিহাসিক সফর এর আয়োজন করা হয়।



আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশন (অঋঅ) ইন্টারন্যাশনালের সঙ্গে ঐতিহাসিক সমঝোতা স্মারক স্বাক্ষর করল ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি।

সফরে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত আর্জেন্টিনার রাষ্ট্রদূত মান্যবর মার্সেলো কার্লোস সেসা, AFA International এর কমার্শিয়াল অ্যান্ড স্ট্র্যাটেজিক অ্যালায়েন্সেস ডিরেক্টর মারিও মার্টিন তুলা ও প্রতিনিধিদলের অন্যান্য সদস্য। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পক্ষে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম. আর. কবিরসহ বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তা ও সংশ্লিষ্ট ব্যক্তিরা।

সফরের শুরুতে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির স্থায়ী ক্যাম্পাসে আর্জেন্টিনার রাষ্ট্রদূত ও AFA International এর প্রতিনিধিদলকে স্বাগত জানান বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। পরে বিশ্ববিদ্যালয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সঙ্গে প্রতিনিধিদলের একটি সৌজন্য বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে দুই প্রতিষ্ঠানের পারস্পরিক সম্পর্ক, সহযোগিতার সম্ভাবনা এবং ভবিষ্যতে যৌথভাবে কাজ করার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। এ সময় ডিআইইউ ও এএফএর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। সফরের অংশ হিসেবে ডিআইইউর শিক্ষার্থীদের সঙ্গে AFA International এর প্রতিনিধিদলের একটি বিশেষ মতবিনিময় পর্ব অনুষ্ঠিত হয়। এতে আর্জেন্টিনা

● ২-এর পাতায় দেখুন



হাইমচরের গণ্ডামারা মাদ্রাসা মাঠের উন্নয়ন কাজ পরিদর্শন করছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নজরুল ইসলাম।

হাইমচরের গণ্ডামারা মাদ্রাসা মাঠের উন্নয়ন পরিদর্শনে ইউএনও

হাইমচর প্রতিনিধি

হাইমচরের গণ্ডামারা আবু বকর সিদ্দিকী ফাজিল মাদ্রাসা পরিদর্শন করেছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. নজরুল ইসলাম। মঙ্গলবার (২৪ নভেম্বর) তিনি প্রতিষ্ঠানটি পরিদর্শন

● ২-এর পাতায় দেখুন



শাহরাস্তিতে হাজী শহীদ উল্লাহ মেমোরিয়াল স্কুল অ্যান্ড নূরানী মাদরাসার বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দিচ্ছেন অতিথিবৃন্দ।

শাহরাস্তিতে হাজী শহীদ উল্লাহ মেমোরিয়াল স্কুল অ্যান্ড নূরানী মাদরাসার বার্ষিক পুরস্কার বিতরণ

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তিতে হাজী শহীদ উল্লাহ মেমোরিয়াল স্কুল অ্যান্ড নূরানী মাদরাসার বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। মঙ্গলবার (২৪ নভেম্বর) বিদ্যালয়ের হলরুমে বর্ণাঢ্য এ অনুষ্ঠানের

● ২-এর পাতায় দেখুন



মতলব উত্তরে নিরাপদ অভিবাসন বিষয়ক কনফারেন্সে উপস্থিত উপজেলা পর্যায়ের বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তাবৃন্দ।

মতলব উত্তরে নিরাপদ অভিবাসন বিষয়ক কনফারেন্স

গোলাম নবী খোকন

নিরাপদ, সুশৃঙ্খল ও নিয়মিত অভিবাসন নিশ্চিতকরণ এবং অভিবাসীদের অধিকার সুরক্ষায় স্থানীয় পর্যায়ে সমন্বিত উদ্যোগ জোরদার করার লক্ষ্যে মতলব উত্তর উপজেলায় জিএমসি, এমআরপিসি ও এলজিআই সদস্যদের অংশগ্রহণে এক কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৪ নভেম্বর) Strengthened and Informative Migration Systems (SIMS) প্রকল্পের উদ্যোগে এ কনফারেন্সের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে

● ২-এর পাতায় দেখুন



চাঁদপুর সদর উপজেলা লোড-আনলোড শ্রমিক ইউনিয়নের নির্বাচনে বিজয়ী প্রথীদের সাথে নির্বাচন কর্মকর্তাবৃন্দ।

সভাপতি আঃ হক, সাধারণ সম্পাদক কাউসার

চাঁদপুর সদর উপজেলা লোড-আনলোড শ্রমিক ইউনিয়নের নির্বাচন সম্পন্ন

স্টাফ রিপোর্টার

চাঁদপুর সদর উপজেলা লোড-আনলোড শ্রমিক ইউনিয়ন (পুরান বাজার, কাঁচামাল পট্টি ও ভূষামাল পট্টি)-এর ত্রি-বার্ষিক নির্বাচন উৎসবমুখর পরিবেশে সম্পন্ন হয়েছে। মঙ্গলবার (২৪ নভেম্বর) সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত পুরাণবাজার বাকালী পট্টিতে

● ২-এর পাতায় দেখুন

ডিসেম্বরে শিক্ষাপ্রতিষ্ঠানে দীর্ঘ ছুটি, কোন প্রতিষ্ঠানে কত দিন

দিগন্ত ডেস্ক

শীতকালীন অবকাশ ও সরকারি ছুটি মিলিয়ে আগামী ডিসেম্বর মাসে দেশের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে দীর্ঘ ছুটি পাচ্ছেন শিক্ষক-শিক্ষার্থীরা। প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে টানা ১২ দিন, কলেজে ১৮ দিন এবং মাদরাসায় ১৫ দিন পাঠদান

● ২-এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহ্‌মানির রাহিম
দ্বীনি শিক্ষার সমন্বয়ে আধুনিক শিক্ষার অনন্য প্রতিষ্ঠান
আল-কাউসার দাখিল মাদ্‌রাসা
দাখিল পরীক্ষায় কৃতিত্বপূর্ন ফলাফল ও ৫ম-৮ম শ্রেণিতে সরকারী- বেসরকারী মেধা বৃত্তি প্রাপ্তিতে জেলায় প্রথম।
চলতি শিক্ষাবর্ষে
প্লে থেকে দাখিল ৯ম শ্রেণিতে
(মানবিক ও বিজ্ঞান বিভাগ)
আবাসিক
অনাবাসিক
ভর্তির শ্রেণি ও ভর্তি পরীক্ষা
আসন সংখ্যা সীমিত
ভর্তি চলছে
✔ চলতি শিক্ষাবর্ষে প্লে শ্রেণি হতে দাখিল নবম শ্রেণি পর্যন্ত ভর্তি করা হবে।
✔ প্লে শ্রেণি হতে পঞ্চম শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রী এবং ৬ষ্ঠ শ্রেণি হতে শুধুমাত্র ছাত্র ভর্তি করা হবে।
✔ মাদ্‌রাসার অফিস হতে আবেদন ফরম সংগ্রহ করা যাবে।
✔ প্লে-২য় শ্রেণি পর্যন্ত তাৎক্ষণিক (মৌখিক ও লিখিত) পরীক্ষার মাধ্যমে ভর্তির জন্য বাছাই করা হবে।
মাদ্‌রাসার বৈশিষ্ট্যাবলি
৪র্থ শ্রেণি হতে আবাসিকের সু-ব্যবস্থা
» ইসলাম ও আধুনিক তথ্য প্রযুক্তিমূলক শিক্ষার সমন্বয়।
» নৈতিক মানসম্পন্ন যোগ্য আলেম তৈরির লক্ষ্য।
» সুস্থ বিনোদন ও ইসলামী সংস্কৃতি চর্চা,জাতীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ।
» শিক্ষার্থীদের যাতায়াতের জন্য নিজস্ব পরিবহনের ব্যবস্থা।
» অভিজ্ঞ শিক্ষক মন্ডলি দ্বারা শ্রেণি কার্যক্রম পরিচালিত।
» শিক্ষার্থীর জীবনের লক্ষ্য বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহন।
» সার্বক্ষনিক বিকল্প বিদ্যুৎ এর ব্যবস্থা।
» নিয়মিত অভিভাবক সমাবেশের মাধ্যমে শিক্ষার্থী,শিক্ষক ও অভিভাবকের সমন্বয় সাধন।
» অমনোযোগী ও ব্যস্ত অভিভাবকদের সন্তানদের জন্য বিশেষ ব্যবস্থা।
» সার্বক্ষণিক অধ্যয়ন চালু রাখার জন্য বাড়ির কাজ, ক্লাস টেস্ট,মূল্যায়ন,অর্ধ-বার্ষিক,বার্ষিক পরীক্ষার ব্যবস্থা।
» নিয়মিত ডায়েরি সংরক্ষণের মাধ্যমে পাঠ মূল্যায়নের ব্যবস্থা।
» উন্নত স্বাস্থ্য সম্মত খাবার পরিবেশন ও আবাসনের ব্যবস্থা।
৩য় শ্রেণি হতে ৯ম শ্রেণি পর্যন্ত ভর্তি পরীক্ষা ৩১ ডিসেম্বর , সকাল ১০ ঘটিকায়।
ভর্তি ফরম ও অন্যান্য তথ্যাবলি কার্যদিবসে সকাল ৮ টা হতে বিকাল ৪ টা পর্যন্ত মাদ্‌রাসা অফিসে পাওয়া যাবে।
ভর্তি শুরু ১ নভেম্বর হতে
ক্লাস শুরু ও ছবক অনুষ্ঠান ৩ জানুয়ারি
01716-365215, 01715-623342
প্রতিষ্ঠা ও পরিচালনায় ঃআল-কাউসার ট্রাস্ট, হাজীগঞ্জ।



নিষিদ্ধ সংগঠনের নৈরাজ্য সন্ত্রাসের প্রতিবাদে মতলব উত্তর সুলতানাবাদ ইউনিয়ন বিএনপি ও অঙ্গ সহযোগী সংগঠনের বিক্ষোভ মিছিল।

মতলব উত্তর সুলতানাবাদ ইউনিয়ন বিএনপির বিক্ষোভ মিছিল

মতলব উত্তর প্রতিনিধি

সারা বাংলাদেশের বিভিন্ন স্থানে পরিকল্পিতভাবে নিষিদ্ধ ঘোষিত আওয়ামীলীগ ও তার অঙ্গ সংগঠন কর্তৃক অগ্নিসংযোগ, ককটেল বিস্ফোরনের মাধ্যমে দেশকে অস্থিতিশীল ও নৈরাজ্যের প্রতিবাদে মতলব উত্তর উপজেলার সুলতানাবাদ ইউনিয়নে এক বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকেলে সুলতানাবাদ ইউনিয়ন বিএনপি ও অঙ্গ সহযোগী সংগঠন এ বিক্ষোভ সমাবেশের আয়োজন করে।

টরকী বাজার থেকে মিছিলটি শুরু হয়ে টরকী-নন্দলালপুর প্রধান সড়ক প্রদক্ষিণ করে টরকী হাসপাতালের

● ২-এর পাতায় দেখুন



কচুয়ায় শিক্ষক জামাল উদ্দিনকে বিদায়ী সংবর্ধণা।

কচুয়ায় শিক্ষক জামাল উদ্দিনের রাজকীয় বিদায়

কচুয়া প্রতিনিধি

দীর্ঘ ৩৮ বছরের বর্ণাঢ্য শিক্ষকতা জীবনের পরিসমাপ্তি ঘটল। অসংখ্য শিক্ষার্থীর জীবন গড়ার কারিগর, চাঁদপুরের কচুয়া উপজেলার ঐতিহ্যবাহী তুলপাই-দারাশাহী উচ্চ বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক এ জেড এম জামাল উদ্দিনকে অশ্রুসিক্ত ভালোবাসা, ফুলেল শুভেচ্ছা ও রাজকীয় আয়োজনে বিদায় জানিয়েছেন সহকর্মী, শিক্ষার্থী ও

● ২-এর পাতায় দেখুন

মেসার্স জিহাদ মুজাহিদ ট্রেডার্স
প্রোপাইটরঃ মোঃ আব্দুল গফুর
● সকল প্রকার সেলুকল, আর্থিংয়ের তার এবং সব ধরনের পাইপ পাওয়া যায়।
● অত্যন্ত দক্ষতার সাথে গভীর নলকূপ বসানো হয়।
ঠিকানা: মিশন রোড রেল ক্রসিংয়ের দক্ষিণ পাশে, চাঁদপুর।
মোবাইল: ০১৮৩৯-৫৯১৯০৭, ০১৭১১-৬৬১০৯৩

হাজীগঞ্জ সাংবাদিক কল্যাণ সমিতির ব্যাডমিন্টন টুর্নামেন্টের উদ্বোধন আজ

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে সাংবাদিকদের মধ্যে পারস্পরিক সৌহার্দ্য, সম্প্রীতি ও

● ২-এর পাতায় দেখুন

ইতিহাসে ২৫ নভেম্বর

১৯৭২সালে বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি দেয় উত্তর ভিয়েতনাম এবং ইথিওপিয়া। ১৯৯১ সালে খুলনা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন তৎকালীন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া। ২০০৯ সালে জেদ্দা বন্যায় হজ্জ চলাকালীন সৌদি আরবের জেদ্দা শহরে অস্বাভাবিক বৃষ্টিতে ৩,০০০ গাড়ি ভেসে যায় এবং ১২২ জন নিহত হয়। ২০২০ সালে মারা যান দিয়েগো ম্যারাডোনা, আর্জেন্টিনীয় পেশাদার ফুটবল খেলোয়াড়। এইদিন নারীর বিরুদ্ধে সহিংসতার অবসান ঘটানোর আর্ন্তজাতিক দিবস পালিত হয়।

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার
ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
ডিজিও, এমসিপিএস (গাইনী এন্ড অবস্)
সিসিডি (বারডেম), বিএমডিসি রেজি নং : এ-৬২৪৮৩
গাইনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী, প্রসূতি, ষ্ট্রীরোগ, বন্ধ্যাত্ব ও নিরাপদ দম্পতির বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (মেডিসিন), এমআরসিপি (ইউকে)
এমডি (গ্যাস্ট্রোএন্টারোলজী)
স্যার সলিমুল্লাহ্ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
BMDC Reg No : A-71474
মেডিসিন, পরিপাকতন্ত্র ও লিভার বিশেষজ্ঞ
রোগী দেখার সময় ঃ শুক্রবার সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত।
সহকারী অধ্যাপক
ডাঃ সাইফুল ইসলাম খাঁন
এমবিবিএস (ঢাকা) বিসিএস (স্বাস্থ্য)
এমএস (অর্থোপেডিক্স)
জাতীয় অর্থোপেডিক্স হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর)
পঙ্গু হাসপাতাল, ঢাকা (এক্স)
অর্থোপেডিক্স বিভাগ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
বিএমডিসি রেজিঃ নং- এ ৪৮৬২৩
হাড় জোড়া, বিকলাঙ্গ, বাত ব্যাথা, ট্রমা, মেরুদন্ড, স্পাইন রোগ বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
সহকারী অধ্যাপক
ডাঃ মোঃ মিজানুর রহমান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি)
আর.এম.ও (রেজিস্ট্রার)
নাক, কান, গলা বিভাগ
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
বিএমডিসি রেজি নং- এ-৫২৩২৫
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - সন্ধ্যা ৬টা
সহকারী অধ্যাপক
ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
এমবিবিএস (সিইউ), এমএস (ইউরোলজি)
ইউরোলজি বিভাগ
সেন্ট্রাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা
BMDC Reg No : A-73684
কিডনী, প্রষ্টেট, মূত্রথলি, মূত্রনালী, পুরুষ প্রজননতন্ত্র রোগ বিশেষজ্ঞ ও সার্জন
বৃহস্পতি ও শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পিজিটি (রেসপেরটরি মেডিসিন)
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
এক্স মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
বিএমডিসি রেজি নং : এ- ৮২৯১৭
মেডিসিন, হৃদরোগ, বক্ষব্যাধি, ডায়াবেটিস, বাতজ্বর, এ্যাজমা, এলার্জি ও প্যারালাইসিস রোগের অভিজ্ঞ চিকিৎসক
প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ
২৪ ঘন্টা সার্ভিস
সহকারি অধ্যাপক ডা. মুহাম্মদ আসিফ ইকবাল
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
এমএসপিএস (আমেরিকা)
সহকারি অধ্যাপক (মেডিসিন)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
মেডিসিন, নিউরো মেডিসিন, হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, লিভার ও ডায়াবেটিস রোগ বিশেষজ্ঞ।
রোগী দেখেন মঙ্গলবার, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। শুক্রবার , সকাল ১১টা-বিকাল ৩টা পর্যন্ত।
ডা. আয়েশা আফরোজ (লুনা)
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস)
বিএসএমএমইউ (প্রাক্তন পিজি হাসপাতাল)
সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফী)
কনসালটেন্ট (গাইনী এন্ড অবস)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
গাইনী, স্ত্রী, প্রসূতি, স্তন (ব্রেস্ট), নিঃসন্তান দম্পতি বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন রবিবার ও বৃহস্পতিবার দুপুর ২:৩০ টা - সন্ধ্যা ৭টা পর্যন্ত।
ডা. ওমর ফারুক (সবুজ)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি) ঢাকা মেডিকেল কলেজ
কনসালটেন্ট: (ইএনটি)
নাক, কান, গলা বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
রোগী দেখেন প্রতি রবি ও বৃহস্পতিবার, দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (সার্জারী)
এম.এস (ইউরোলজী)
কনসালটেন্ট
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
সার্টিফিকেট কোর্স অন ল্যাপারোস্কোপি (বারডেম)
কিডনী, কিডনী নালী, মূত্রনালী, পোস্টেট, ব্রেস্ট, পাইলস, পুরুষ বন্ধ্যাত্ব ও যৌন দুর্বলতা, ইউরোলজী, এন্ডোলজী, প্যাপারেন্ডপিক বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন প্রতি বুধবার, বিকাল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. মোঃ নাজমুল হাসান
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), এম.ডি (শিশু)
আইসিপিপিএস (শিশু পুষ্টি) সিঙ্গাপুর
NICU এবং PICU বিশেষজ্ঞ
আর.এম.ও
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন, দুপুর ২.৩০ থেকে বিকাল ৫টা রাত ৮টা থেকে রাত ১০টা (শুক্রবার বন্ধ)
ডা. নূর হোসাইন বান্না
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো (নিটোর), এমএস (থিসিস)
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল এন্ড পূর্নবাসন প্রতিষ্ঠান (পঙ্গু হাসপাতাল), ঢাকা।
হাড় জোড়া, হাড়-ভাঙ্গা, বাত ব্যাথা, পঙ্গুরোগ, এক্সিডেন্ট ও ট্রমা সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখেন প্রতি সোমবার, বিকাল ৪:৩০টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. জান্নাতুল লুবা বিনতে ইসলাম (লিসা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (শেষ পর্ব) সার্জারী, এমআরসিএস (পার্ট-এ)
এমসিপিএস (সার্জারী)
সিসিডি (বারডেম), ডিএমইটি এডভান্স (অল্ট্রাসনোগ্রাফী)
ব্রেইস্ট ইন ডিজিজ (সেলেক্টেড)
সহকারী রেজিষ্ট্রার (সার্জারী)
কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
হার্নিয়া হাইড্রোসিল, এপেন্ডিসাইটিস, টিউমার স্তনের রোগ পাইলস, ফিস্টুলা, এনালফিসর সহ মলদ্বারের বিভিন্ন রোগের চিকিৎসক ও সার্জন
রোগী দেখেন প্রতি শুক্রবার, সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ জি.এম. ইশতিয়াক মাহমুদ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম.এস (সার্জারী)
এমআরসিএস (সার্জারী), লন্ডন।
ডিপ্লোমা ইন ল্যাপারোস্কোপিক সার্জারী
সহকারি রেজিষ্টার (সার্জারী বিভাগ)
২৫০ শয্যা বিশিষ্ট জেনেরাল হাসপাতাল, চাঁদপুর।
সার্জারী বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। (শুক্রবার বন্ধ)
আমাদের সেবা সমূহ
● এনআইসিইউ ● পিআইসিইউ ● সেন্ট্রাল অক্সিজেন
● মেডিসিন, হৃদরোগ, কার্ডিওলজি বিভাগ।
● সু-সজ্জিত ও শীতাতপ নিয়ন্ত্রিত কেবিন।
● উন্নতমানের অত্যাধুনিক অপারেশন থিয়েটার।
● ২৪ ঘন্টা প্যাথলজী এবং এক্স-রে সেবা।
● জেনারেল, অর্থোপেডিক্স, নাক-কান গলা, সিজারসহ সকল ধরনের অপারেশন করা হয়।
● প্রসূতি রোগ, নরমাল ডেলিভারী,
● ফার্মেসী সেবা

উপদেষ্টা সম্পাদক ঃ *অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান*, সম্পাদক ও প্রকাশক ঃ *এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া*, নির্বাহী সম্পাদক ঃ *মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী*, যুগ্ম সম্পাদক : *আব্দুস শুকুর মস্তান*, ব্যবস্থাপনা সম্পাদক ঃ *এ্যাডভোকেট শাহজাহান খান*, যুগ্ম বার্তা সম্পাদক ঃ *আদনান আল মুরাদ*, মফ

দৈনিক চাঁদপুর দিগন্ত
বুধবার ॥ ২৫ নভেম্বর ২০২৬

সম্পাদকীয়

কারখানা যাচ্ছে বেসরকারি খাতে ইতিবাচক সিদ্ধান্ত বাস্তবায়নে পথরেখা দরকার

স্বাধীনতার পর শিল্পকারখানাগুলো জাতীয়করণ করা হয়েছিল। এ সিদ্ধান্তের পেছনে জাতীয় অর্থনীতির বিকাশ, কর্মসংস্থান সৃষ্টি ও গুরুত্বপূর্ণ পণ্যের বাজারে সরকারের নিয়ন্ত্রণ বজায় রাখার মতো বিষয় অনুঘটক হিসেবে কাজ করেছিল। তবে বাস্তবে ব্যবস্থাপনার ক্ষেত্রে অভিজ্ঞতার ঘাটতি, রাজনৈতিক বিবেচনায় নিয়োগ, দুর্নীতি এবং উৎপাদন বাড়াতে কারখানা আধুনিকায়নে বিনিয়োগ না করায় বেশির ভাগ রাষ্ট্রায়ত্ত শিল্প রুগ্ণ হয়ে পড়ে। এসব কারখানা পরিচালনার পেছনে বছরের পর বছর ধরে সরকারকে বিপুল অঙ্কের টাকা লোকসান গুনতে হচ্ছে।

২০২৩-২৪ অর্থবছরেই শিল্প মন্ত্রণালয়ের অধীনে থাকা চিনি ও খাদ্য, সিমেন্ট, ইস্পাত, রাসায়নিকসহ অন্যান্য খাতের কারখানাগুলোর লোকসান ছিল দুই হাজার কোটি টাকার বেশি। এ রকম বাস্তবতায় রাষ্ট্রায়ত্ত কারখানাগুলো বেসরকারি খাতে দেওয়ার সরকারি সিদ্ধান্তকে ইতিবাচক বলেই মনে করি। তবে এই উদ্যোগের সাফল্য নির্ভর করবে রাজনৈতিক প্রভাব ও গোষ্ঠীস্বার্থ থেকে মুক্ত থেকে কতটা স্বচ্ছ ও জবাবদিহিমূলক নীতিমালা করা যায়, তার ওপর। খবর জানাচ্ছে, সরকারি-বেসরকারি অংশীদারত্বের (পিপিপি) অধীন কারখানাগুলো ব্যক্তি খাতে ছেড়ে দেওয়ার চিন্তাভাবনা করছে সরকার। প্রয়োজনীয় বিধিবিধান অনুমোদনের পর আগামী বছরের শুরুতে এ প্রক্রিয়া শুরু হতে পারে।

এইচএসসি ফল বিপর্যয়

অডিটোরিয়ামে সংশ্লিষ্ট অধ্যক্ষদের সশরীরে বিগত ৫ বছরের প্রশাসনিক ও একাডেমিক কাগজপত্রসহ উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়। বোর্ড সূত্র জানায়, এ বছর কুমিল্লা বোর্ডে গড় পাসের হার ছিল ৪৮ দশমিক ০৪ শতাংশ এবং জিপিএ-৫ পেয়েছিল ১৩১৩ জন।

৩০ শতাংশের কম শিক্ষার্থী পাস করা চাঁদপুর জেলার ১৩টি প্রতিষ্ঠান হলো চাঁদপুর বহুমুখী উচ্চবিদ্যালয় ও কলেজ পাসের হার (পাসের হার ১০.০০ শতাংশ), বলাখাল মকবুল আহমেদ ডিগ্রি কলেজ (পাসের হার ১২.৭৯ শতাংশ), সাচার ডিগ্রি কলেজ (পাসের হার ১৭.৩৫ শতাংশ), কামরাঙ্গা উচ্চ বিদ্যালয় ও কলেজ (পাসের হার ১৯.০৫ শতাংশ), লাউতলী ডা. রশীদ আহমেদ উচ্চ বিদ্যালয় ও কলেজ (পাসের হার ২১.৪৩ শতাংশ), নাসিরকোট শহিদ স্মৃতি ডিগ্রি কলেজ (পাসের হার ২৩.৪৪ শতাংশ), ফরক্কাবাদ ডিগ্রি কলেজ (পাসের হার ২৩.৫০ শতাংশ), সুজাতপুর ডিগ্রি কলেজ (পাসের হার ২৪.৭৪ শতাংশ), নিশ্চিন্তপুর ডিগ্রি কলেজ (পাসের হার ২৪.৮৮ শতাংশ), চিতোষী ডিগ্রি কলেজ (পাসের হার ২৫.৮৪ শতাংশ), মুন্সী আজিম উদ্দিন কলেজ (পাসের হার ২৬.২৩ শতাংশ), নিন্দপুর মহীউদ্দীন খান আলমগীর হাই স্কুল অ্যান্ড কলেজ (পাসের হার ২৭.৪৮ শতাংশ), কালীপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ (পাসের হার ২৮.১৬ শতাংশ)।

হাজীগঞ্জে চুরি হওয়া

ব্যবহার করা হচ্ছে। এরপর রোববার রাতে হাজীগঞ্জ থানার উপপরিদর্শক (এসআই) নুরে আলম সাতক্ষীরায় আসেন। পরে আশাশুনি থানা পুলিশের সহযোগিতায় অভিযান চালিয়ে সোমবার ভোর ৬টার দিকে বাউসুলী এলাকার প্রায় ৪৫ বিঘার একটি মাছের ঘের থেকে গাড়িটি উদ্ধার করা হয়।

ঘেরটিতে কর্মরত বাউসুলী গ্রামের এনামুল শেখ জানান, প্রায় তিন মাস আগে পাশের ঘেরের কর্মচারী ইলিয়াসের মাধ্যমে আবু জাহিদ সোহাগ পুরোনো একটি করোলা গাড়ি কেনেন। গাড়িটির নম্বর ঢাকা মেট্রো-গ-২৫-৩২১৯। কেনার পর গাড়িটির পেছনে দেড় লাখ টাকা খরচ করা হয়। বিক্রেতাকে সম্প্রতি ২০ হাজার টাকা দেওয়া হলেও আরও ৩০ হাজার টাকা বকেয়া ছিল। এনামুলের ভাষ্য, সোমবার ভোর সাড়ে ৫টার দিকে সাদা পোশাকে কয়েকজন ব্যক্তি এসে গাড়িটির ছবি তোলেন এবং মালিকের নাম জানতে চান। এর কিছুক্ষণ পর সকাল ৬টার দিকে পুলিশ গাড়িটি নিয়ে যায়।

প্রত্যক্ষদর্শী খোকন সরদার জানান, প্রায় তিন মাস ধরে গাড়িটি আবু জাহিদ সোহাগকে ব্যবহার করতে দেখা গেছে। সোমবার ভোরে আশাশুনি থানার এসআই ফিরোজ হোসেন, হাজীগঞ্জ থানার এসআই নুরে আলম ও গাড়ির মালিক এসে সেটি নিয়ে যান। পরে তারা জানতে পারেন, গাড়িটি চুরি হওয়া। এ বিষয়ে যুবদল নেতা আবু জাহিদ সোহাগ বলেন, গাড়িটি তার নিজের নয়। তার ঘেরের পাশের ইলিয়াস নামের এক ব্যক্তির গাড়ি সেটি। জায়গার অভাবে ইলিয়াস তার ঘেরের বাসায় গাড়িটি রাখতেন। তিনি কখনো গাড়িটি ব্যবহার করেননি বলেও দাবি করেন। হাজীগঞ্জ থানার এসআই নুরে আলম বলেন, মূল আসামি গ্রেফতার না হওয়া পর্যন্ত তদন্তের অনেক তথ্য গোপন রাখা হচ্ছে। হাজীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল মান্নান বলেন, আবু জাহিদের হেফাজত থেকে চোরাই গাড়িটি উদ্ধার করা হয়েছে। তিনি চুরির সঙ্গে জড়িত কি না, তা তদন্ত করে দেখা হচ্ছে। অভিযোগের সত্যতা পাওয়া গেলে তাকে আইনের আওতায় আনা হবে। আশাশুনি থানার ওসি মো. শাহীদুর রহমান বলেন, হাজীগঞ্জ থানা পুলিশ সোমবার ভোরে বাউসুলীর একটি মাছের ঘের থেকে প্রাইভেটকারটি উদ্ধার করে নিয়ে গেছে।

যেকোনও চ্যালেঞ্জ মোকাবিলায়

কথা বলেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশের সামরিক বাহিনীর ইতিহাসে আজ একটি নতুন অধ্যায়ের সূচনা হয়েছে। দেশের ইতিহাসে প্রথমবারের মতো তিন বাহিনীর স্পেশাল ফোর্সের সদস্যদের সমন্বয়ে অনুষ্ঠিত যৌথ সামরিক মহড়ার সাক্ষী হতে পেরে তিনি ব্যক্তিগতভাবে অত্যন্ত গর্বিত। তিনি বলেন, জাতির ইতিহাসে প্রথমবারের মতো তিন বাহিনীর স্পেশাল ফোর্সের সদস্যরা একত্রে অংশ নিয়ে এ যৌথ সামরিক মহড়া সম্পন্ন করেছেন। এটি দেশের সামরিক ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক।

আকাবা কম্পিউটার একাডেমী
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র
প্রতিষ্ঠাকাল: ২০০৭
প্রতিষ্ঠান কোড: ৬৬০৪৮
ইআইআইএন: ১৩৫৬৪১
২৫% ছাড়
ভর্তি চলছে!
কম্পিউটার অফিস এপ্লিকেশন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার গ্রাফিক্স ডিজাইন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার হার্ডওয়্যার এন্ড নেটওয়ার্কিং ৩/৬ মাস মেয়াদী
ওয়েব পেজ ডিজাইনিং ৩/৬ মাস মেয়াদী
ফ্রি-ল্যান্সিং
এইচ.এস.সি সিলেবাস অনুযায়ী আইসিটি পড়াই।
অধ্যাপক মিজানুর রহমান ফাহিম
বিপণিবাগ পৌর সুপার মার্কেট
কুমিল্লা রোড, চাঁদপুর,
01712-856510, https://chandpurict.blogspot.com

চলতি মাসের উমরাহ বুকিং চলছে
প্রতি মাসেই উমরাহ বুকিং হবে ইনশা আল্লাহ
মাওলানা আবু জাফর সিদ্দিকী
যাবার ভিসা হোটেল টিকেট ট্রান্সপোর্ট যিয়ারাহ ইন্সুরেন্স
সফর হউক আনন্দময়, ইবাদাত হউক তাকওয়াময়
হজ্জ ও উমরাহ করার জন্য আগ্রহীগন যোগাযোগ করুন।
Standard প্যাকেজ ভাইরেক্ট ফ্লাইট ১,৭৫,০০০
Economy প্যাকেজ ভাইরেক্ট ফ্লাইট ১,৬০,০০০
Economy প্যাকেজ ট্রানজিট ফ্লাইট ১,৪৫,০০০
বিগত ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন মুয়াল্লিম দ্বারা সহীহ শুদ্ধভাবে হজ্জ ও উমরাহ পালনের বিশ্বস্ত প্রতিষ্ঠান
চেয়ারম্যান হজ্জ কাফেলা হাজীগঞ্জ, চাঁদপুর।
পরিচালনায়: মাওলানা আবু জাফর সিদ্দিকী
হাজীগঞ্জ টাওয়ার তৃতীয় তলা-দক্ষিণ পূর্ব কর্ণারে, হাজীগঞ্জ, চাঁদপুর।
01613-119652
01871-634121
01629-804375

তারেক রহমান বলেন, এ মহড়ার পেছনে রয়েছে দূরদর্শী চিন্তা। একই সঙ্গে এটি সশস্ত্র বাহিনীর আধুনিকায়নে সরকারের অঙ্গীকারের প্রতিফলন।

তিনি বলেন, এ ধরনের যৌথ অনুশীলন সশস্ত্র বাহিনীর পারস্পরিক সমন্বয়, পেশাদারিত্ব ও সক্ষমতা আরও সুদৃঢ় করবে। পাশাপাশি যেকোনো পরিস্থিতি মোকাবিলায় বাহিনীগুলোর প্রস্তুতিও আরও কার্যকর হবে।

জিয়াউলের হাতে ১১৫

আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে তিনি এসব কথা জানান। গুমের ঘটনাকে কেন্দ্র করে বাংলাদেশের ইতিহাসে এবং আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে দায়ের করা কোনো মামলায় এটিই প্রথম যুক্তিতর্ক উপস্থাপনের ঘটনা।

চিফ প্রসিকিউটর জানান, মঙ্গলবারের শুনানিতে প্রসিকিউশনের পক্ষ থেকে মামলায় সাক্ষ্য দেওয়া সামরিক কর্মকর্তাদের জবানবন্দি উপস্থাপন করা হয়েছে। সাক্ষীদের বর্ণনা অনুযায়ী, বিভিন্ন সময়ে জিয়াউল আহসান নির্বিচারে ১৫০ থেকে ২০০ মানুষকে হত্যা করেছেন। এর মধ্যে ১১৫ জনের বেশি মানুষকে তিনি সরাসরি হত্যা করেছেন বলে প্রসিকিউশন শনাক্ত করতে পেরেছে। সাক্ষ্যেও এসব হত্যাকাণ্ডের বিবরণ উঠে এসেছে। একক কোনো ব্যক্তির হাতে এত বিপুলসংখ্যক হত্যাকাণ্ডের ঘটনা এর আগে ঘটেনি বলেও মন্তব্য করেন তিনি।

জিয়াউল আহসানের কর্মকাণ্ডের বিবরণ দিতে গিয়ে মো. আমিনুল ইসলাম বলেন, বহু অপকর্মে জড়িত থাকার পরও তিনি বারবার পদোন্নতি পেয়ে মেজর জেনারেল হয়েছেন। মাতৃবাহিনীতে ফিরে না গিয়ে দীর্ঘদিন র‍্যাবে দায়িত্ব পালন করেছেন। বিরোধী রাজনৈতিক দলগুলোর ওপর দমন-পীড়ন চালাতে শেখ হাসিনার চাহিদা ও নির্দেশনা অনুযায়ী তিনি বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ড পরিচালনা করেছেন।

সাংবাদিকদের প্রশ্নের জবাবে চিফ প্রসিকিউটর বলেন, জিয়াউল আহসান রাষ্ট্রের ভেতরে আরেকটি রাষ্ট্র বা 'ডিপ স্টেট'-এর অন্যতম সদস্য হিসেবে পরিচিত ছিলেন। সাক্ষীদের জবানবন্দির বরাত দিয়ে তিনি বলেন, সাবেক সেনাপ্রধান জেনারেল ইকবাল করিম ভূঁইয়া নিজেও বলেছেন, জিয়াউল আহসান তার নিয়ন্ত্রণে ছিলেন না। শেখ হাসিনা এবং তার সামরিক উপদেষ্টা তারেক আহমেদ সিদ্দিকীর সরাসরি আশ্রয়-প্রশ্রয়ে তিনি এসব কর্মকাণ্ড চালিয়ে গেছেন বলে সাক্ষীদের বক্তব্যে উঠে এসেছে।

মামলায় সাক্ষী হিসেবে তৎকালীন সেনাপ্রধান জেনারেল ইকবাল করিম ভূঁইয়াসহ জিয়াউল আহসানের কয়েকজন সহযোগী সামরিক কর্মকর্তাকে উপস্থাপন করা হয়েছে বলে জানান চিফ প্রসিকিউটর। তিনি বলেন, এসব ঘটনা যারা প্রত্যক্ষ করেছেন, তারা সবাই সংশ্লিষ্ট কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত ছিলেন। বাইরের কারও পক্ষে এসব ঘটনার বিস্তারিত বর্ণনা দেওয়া সম্ভব ছিল না। ফৌজদারি আইনে অপরাধের সহযোগীদের সাক্ষী করার বিধান থাকায় তাদের আসামির পরিবর্তে সাক্ষী হিসেবে উপস্থাপন করা হয়েছে।

মো. আমিনুল ইসলাম আরও জানান, সাবেক সেনাপ্রধান জেনারেল ইকবাল করিম ভূঁইয়া, মেজর সাব্বির এবং মেজর দেলোয়ার ওরফে মনিরুল হকের জবানবন্দিতে কমান্ডার সোহেলের ভূমিকার বিষয়টিও উঠে এসেছে। জিয়াউল আহসানের সহযোগী হিসেবে কমান্ডার সোহেল তার অনুগত কয়েকজন সাংবাদিককে দাওয়াত দিয়ে বোটে করে চরদোয়ানি ও বিভিন্ন অভিযানের এলাকায় নিয়ে যেতেন। পরে ওই সাংবাদিকরা প্রকৃত ঘটনা গোপন রেখে তাদের শেখানো ভাষ্য অনুযায়ী সংবাদ প্রচার করতেন বলে সাক্ষীদের জবানবন্দিতে উল্লেখ রয়েছে।

প্রেস ব্রিফিংয়ে চিফ প্রসিকিউটর মামলাটির বিচারপ্রক্রিয়া এগিয়ে নেওয়ার ক্ষেত্রে সাবেক চিফ প্রসিকিউটর তাজুল ইসলামের অবদানের কথা উল্লেখ করে তার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। মামলাটি শুরু করা, আসামিকে গ্রেপ্তার এবং বিচারকে বর্তমান পর্যায়ে নিয়ে আসার পেছনে তার অক্লান্ত পরিশ্রম রয়েছে বলে জানান তিনি।

আগামীকালও মামলার শুনানি অব্যাহত থাকবে বলে জানিয়েছেন চিফ প্রসিকিউটর। বাকি সাক্ষীদের জবানবন্দি উপস্থাপনের পর প্রসিকিউশন আইনের ব্যাখ্যা দেবে। এরপর রাষ্ট্রের প্রধান আইন কর্মকর্তা অ্যাটর্নি জেনারেলের সমাপনী বক্তব্যের মধ্য দিয়ে এই ধাপের শুনানি শেষ হবে।

চাঁদপুরে মেঘনা এক্সপ্রেস ট্রেনের

ঘটনাস্থলের পাশে মেহেদীর ব্যবহৃত একটি মোবাইল ফোন পড়ে থাকতে দেখা যায়। স্থানীয় লোকজন ও প্রত্যক্ষদর্শীরা বিষয়টি চাঁদপুর রেলওয়ে পুলিশকে জানালে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ফোন থেকে নম্বর সংগ্রহ করে পরিবারের সদস্যদের খবর দেয়।

নিহত মেহেদী পেশায় একটি বেকারির কর্মচারী ছিলেন। তার বাবার নাম সুমন। তাদের গ্রামের বাড়ি হাজীগঞ্জ উপজেলার বলাখাল এলাকায়। তবে তিনি শহরের ৭নং ওয়ার্ডের যমুনা রোড এলাকায় ভাড়া বাসায় থাকতেন।

এ বিষয়ে চাঁদপুর রেলওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জসিম উদ্দিন বলেন, খবর পাওয়ার সঙ্গে সঙ্গেই পুলিশ ঘটনাস্থলে পৌঁছেছে। মোবাইল ফোনের মাধ্যমে তার পরিবারের সঙ্গে যোগাযোগ করা হয়েছে।

তার মরদেহ সুরতহালের জন্য নেওয়া হচ্ছে। এ ঘটনায় আইনি প্রক্রিয়া চলমান রয়েছে। পরিবারের সদস্যরা এসে পৌঁছালে মৃত্যুর বিষয়ে আরও বিস্তারিত জানা যাবে বলে জানান ওসি।

ফরিদগঞ্জে অবৈধ ড্রেজারের

(ওসি) এরশাদ উল্লাহ। তাঁদের সঙ্গে পুলিশ সদস্য ও সরকারি কর্মচারীরা ছিলেন।

স্থানীয় সূত্রে জানা গেছে, গুদারাচর এলাকায় প্রায় ৭০ শতাংশ নিচু জমি ভরাটের কাজ চলছিল। খবর পেয়ে গণমাধ্যমকর্মী, পুলিশ ও উপজেলা প্রশাসনের কর্মকর্তারা ঘটনাস্থলে যান। পরে মাছচাষি, ড্রেজার ঠিকাদারের প্রতিনিধি ও স্থানীয় বাসিন্দারাও সেখানে উপস্থিত হন। তাঁদের কয়েকজন জানান, রোববার দুপুর থেকে ড্রেজারটি চালু করা হয়েছে। কাছাকাছি একটি মসজিদের পাশে নিচু জমি ভরাট করা হচ্ছিল।

ঘটনাস্থলে ড্রেজার ও জমির মালিকপক্ষের দায়িত্বে কে রয়েছেন, জানতে চান ইউএনও। এ সময় মোহাম্মদ আলী নামে এক ব্যক্তি নিজেকে দায়িত্বে থাকা ব্যক্তি হিসেবে পরিচয় দেন। তিনি জানান, ওই চরে মাছ চাষ করেন। ইউএনও তাঁকে অবৈধ কাজ করার বিষয়ে প্রশ্ন করলে মোহাম্মদ আলী তা স্বীকার করেন বলে জানা গেছে। তবে ইউএনওর বক্তব্যের পর তিনি বলেন, প্রায় তিন মাস ধরে চলা ড্রেজারটি অন্য একটি।

অভিযানের সময় ইউএনও বিধি অনুযায়ী দুই লাখ টাকা জরিমানার কথা জানান। পরে মোহাম্মদ আলী জরিমানার পরিমাণ কমানোর আবেদন করলে এক লাখ টাকা কমিয়ে দেয়া হয়। তবে তাতেও তিনি রাজি হননি বলে প্রশাসন সূত্রে জানা গেছে। পরে ইউএনওর নির্দেশে সরকারি কর্মচারী ও শ্রমিকরা ড্রেজারের যন্ত্রাংশ এবং পাইপ অকেজো করে দেন।

এ সময় মোহাম্মদ আলী ফরিদগঞ্জ প্রেসক্লাবের সভাপতি আবু হেনা মোস্তফা কামালকে উদ্দেশ করে চিৎকার করে বলেন, 'ভবিষ্যতে আপনি ও সাংবাদিকরাও ফরিদগঞ্জে থাকবেন, আমরাও থাকব, তখন দেখা যাবে।' এ বক্তব্যকে হুমকি হিসেবে দেখেন প্রেসক্লাবের সভাপতি। তিনি তাৎক্ষণিকভাবে উপস্থিত ইউএনও এবং ওসির দৃষ্টি আকর্ষণ করেন।

এ ঘটনায় ইউএনও ও ওসি মোহাম্মদ আলীকে বলেন, সাংবাদিকের সঙ্গে এভাবে কথা বলা ঠিক হয়নি। তাঁরা আরও বলেন, অবৈধ কাজের বিরুদ্ধে প্রশাসন ব্যবস্থা নিচ্ছে।

পরে সাংবাদিকদের নিরাপত্তার বিষয়ে জানতে চাইলে ইউএনও মেহেদী হাসান মানিক বলেন, 'আপনাদের নিরাপত্তার দায়িত্ব আমাদের। আমরা নজর রাখব।'

ফরিদগঞ্জ প্রেসক্লাবের সভাপতি আবু হেনা মোস্তফা কামাল বলেন, 'এ ধরনের হুমকি স্বাধীন গণমাধ্যম ও সংবাদকর্মীদের নিরাপত্তার জন্য হুমকি। আমরা তথ্য মন্ত্রণালয় ও সরকারের পক্ষ থেকে এ ধরনের কর্মকাণ্ডের স্থায়ী প্রতিকার চাই।'

তিনি আরও বলেন, অবৈধ ড্রেজার দিয়ে বালু উত্তোলনের বিষয়ে সংবাদ প্রকাশ করলে সাংবাদিকদের হুমকির মুখে পড়তে হচ্ছে। এ পরিস্থিতিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যকর পদক্ষেপ প্রয়োজন।

ফরিদগঞ্জ থানার ওসি এরশাদ উল্লাহ বলেন, 'আমি ঘটনার প্রত্যক্ষদর্শী। গণমাধ্যমকর্মীদের হুমকি দেওয়া আইনত অপরাধ। লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।' তিনি আরও বলেন, জনগণের জানমালের নিরাপত্তা নিশ্চিত করার দায়িত্ব নিয়েই তাঁরা চাকরিতে যোগ দিয়েছেন।

ইউএনও মেহেদী হাসান মানিক বলেন, 'আমরা কেরোয়া গ্রামের গুদারাচরে সরেজমিনে উপস্থিত হয়ে সরকারের নিষিদ্ধ ড্রেজার দিয়ে অবৈধভাবে বালু উত্তোলনের প্রমাণ, আলামত ও স্বীকারোক্তি পেয়েছি। বিধি অনুযায়ী জরিমানার ঘোষণা দিয়েছি। কিন্তু মালিকপক্ষের অসহযোগিতার কারণে মালামাল অকেজো করে দিতে বাধ্য হয়েছি।'

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের অপ্রতিদ্বন্দ্বি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাকলেট, যোগলাই, বিরিয়ানী, চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪৯৬৩২৯০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত রির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মালয়েশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কাবিন নামা, ম্যারেজ সার্টিফিকেট, এনওসি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং নোটারী পাবলিক, ফরেন মিনিষ্ট্রি এম্বাসী এটাষ্টেশন সহ বিদেশে পরিবার নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে শ্রমজীবীদের যাবতীয় কেইচ/মামলা, ডেড কেইচ ইত্যাদির কাগজ পত্রাদির অনুবাদ ও যাবতীয় সত্যায়িতের কাজে পরামর্শ ও সহযোগিতা করে থাকি।
ঢাকা অফিস ঃ ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস ঃ আনসারী মঞ্জিল, বিলুপ্ত চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

হামের উপসর্গে একদিনে

হয়ে ছাড়পত্র পেয়েছেন ১ হাজার ১৩৯ জন।

স্বাস্থ্য অধিদপ্তরের হিসাবে, চলতি বছরের ১৫ মার্চ থেকে ২৪ নভেম্বর সকাল ৮টা পর্যন্ত দেশে মোট ২ লাখ ৫৯ হাজার ১৯০ জন সন্দেহজনক হাম রোগী শনাক্ত হয়েছেন। তাদের মধ্যে ২৬ হাজার ৩০০ জনের হাম নিশ্চিত হয়েছে। এই সময়ে সন্দেহজনক হামে মোট ১ হাজার ২৫৬ জন এবং নিশ্চিত হামে ১০৫ জন মারা গেছেন।

১৫ মার্চ থেকে এখন পর্যন্ত মোট ২ লাখ ৩১ হাজার ৯৯৯ জন সন্দেহজনক হাম রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। তাদের মধ্যে চিকিৎসা শেষে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ২ লাখ ২৩ হাজার ১৫৮ জন।

চাঁদপুরের গ্রামেগঞ্জে

চায়ের দোকানগুলো থেকে ক্যারাম বোর্ড জব্দ করা হতো। তখন পরিস্থিতি কিছুটা নিয়ন্ত্রণে থাকলেও বর্তমানে প্রশাসনিক বা স্থানীয় পর্যায়ের কোনো নজরদারি নেই বললেই চলে। তিনি আরও অভিযোগ করেন, শুধু ক্যারাম খেলাই নয়, বর্তমানে মোবাইল ফোনের মাধ্যমেও বিভিন্ন স্থানে প্রকাশ্যে অনলাইন জুয়া চলছে, কিন্তু এসব বন্ধে কার্যকর কোনো পদক্ষেপ দেখা যাচ্ছে না। শিক্ষার্থীদের ভবিষ্যৎ ও এলাকার শান্তি-শৃঙ্খলা রক্ষায় চায়ের দোকানের এসব জুয়ার আসর এবং মোবাইলভিত্তিক জুয়া বন্ধে দ্রুত প্রশাসনের কঠোর হস্তক্ষেপ কামনা করেছেন স্থানীয় সচেতন মহল। এ বিষয়ে জানতে চাইলে চাঁদপুর সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ফয়েজ আহমেদ বলেন, "ক্যারাম ও মোবাইল জুয়ার বিরুদ্ধে পুলিশের নিয়মিত অভিযান চলমান রয়েছে। সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে ভবিষ্যতেও এ ধরনের অভিযান অব্যাহত রাখা হবে।"

চাঁদপুরে আন্তর্জাতিক অভিবাসী

প্রদান এবং প্রবাসীদের সেবা সহজীকরণের বিষয়ে একটি সুনির্দিষ্ট কর্মসূচী গ্রহণ করা হয়েছে? বিদেশগামী কর্মীদের সঠিক প্রশিক্ষণ, দক্ষতা বৃদ্ধি এবং দালাল বা প্রতারকদের হাত থেকে রক্ষা করতে প্রচার-প্রচারণা বৃদ্ধি করতে হবে। প্রবাসীদের পরিবারের সদস্যদের সার্বিক নিরাপত্তা ও সরকারি সেবা প্রাপ্তি সহজতর করার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরগুলো কাজ করবে।

চাঁদপুর জনশক্তি অফিসের সহকারি পরিচালক মোহাম্মদ সফিকুর রহমানের পরিচালনায় সভায় বক্তব্য রাখেন ও অংশগ্রহণ করেন চাঁদপুরের অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) নাদিয়া নূর, চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী, চাঁদপুর সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মোহাম্মদ রফিকুল হাসান ফয়সল, চাঁদপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ শিরিন আক্তার, প্রবাসী কল্যাণ সেন্টার সহকারি পরিচালক মো: সালাউদ্দিন, চাঁদপুর বিসিকের সহকারী মহাব্যবস্থাপক, চাঁদপুর ন্যাশনাল ব্যাংকের ম্যানেজার জাফর ইকবাল, চাঁদপুর অগ্রনী ব্যাংকের আঞ্চলিক প্রধান, জনতা ব্যাংকের আঞ্চলিক প্রধান, চাঁদপুর এনআরবিসি ব্যাংকের ব্যবস্থাপক, চাঁদপুর ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের ব্যবস্থাপক, মার্কেন্টাইল ব্যাংক চাঁদপুর শাখার ব্যবস্থাপক, উত্তরা ব্যাংক পিএলসি চাঁদপুর শাখার ব্যবস্থাপক, ব্যাংক এশিয়া পিএলসি, চাঁদপুর শাখার ব্যবস্থাপক, সিটি ব্যাংক পিএলসি, চাঁদপুর শাখা ব্যবস্থাপক, আইএফআইসি ব্যাংক পিএলসি চাঁদপুর শাখার ব্যবস্থাপক, ব্র্যাক ব্যাংক পিএলসি, চাঁদপুর শাখার ব্যবস্থাপক, বেসিক ব্যাংক পিএলসি, চাঁদপুর শাখার ব্যবস্থাপক, প্রবাসী কল্যাণ ব্যাংক চাঁদপুর শাখার ব্যবস্থাপক, চাঁদপুর সেন্টার ফর কমিউনিটি ডেভেলপমেন্ট অ্যাসিস্টান্স (সিসিডিএ) এর প্রতিনিধিসহ সংশ্লিষ্টজন।

সভায় ১৮ ডিসেম্বর আন্তর্জাতিক অভিবাসী দিবস ও জাতীয় প্রবাসী দিবস-২০২৬ উদযাপন উপলক্ষে নিম্নোক্ত কর্মসূচী পালনের সিদ্ধান্ত নেয়া হয়।

কর্মসূচী : চাঁদপুর ফিশারি গেইট জনশক্তি অফিসের সামনে র‍্যালি অনুষ্ঠিত হবে। জনশক্তি অফিসের হলরুমে আলোচনা সভা। দিবস উপলক্ষে সর্বোচ্চ রেমিটেন্স প্রদানকারীদের সম্মাননা, প্রবাসীদের সন্তানদের শিক্ষা বৃত্তি, প্রতিবন্ধীদের ভাতা, প্রবাসীদের ওয়ারিশদের আর্থিক অনুদান, প্রবাসী কল্যাণ ঋনের চেক বিতরণ করা হবে?

চাঁদপুরে পুলিশের অভিযানে

নং-১৯/১১, এস/সি নং-১৩৮/১১) যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামি। চাঁদপুর জেলা পুলিশ সুপার মো. মিজানুর রহমানের দিকনির্দেশনায় এবং চাঁদপুর সদর মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) ফয়েজ আহমেদের সার্বিক তত্ত্বাবধানে এ অভিযান পরিচালিত হয়। অভিযানে নেতৃত্ব দেন সদর মডেল থানার উপপরিদর্শক (এসআই) মোহাম্মদ আব্দুল আলীম। তিনি সঙ্গীয় ফোর্সসহ অভিযান পরিচালনা করে আসামিকে গ্রেপ্তার করতে সক্ষম হন।

পুলিশের এ অভিযানকে সাজাপ্রাপ্ত আসামি গ্রেপ্তারে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর বিশেষ তৎপরতার অংশ হিসেবে দেখা হচ্ছে।

ডেঙ্গুতে আরো ৪ জনের মৃত্যু,

ছাড়পত্র পেয়েছেন ১ লাখ ৭০ হাজার ৬০০ জন। স্বাস্থ্য অধিদপ্তর জানায়, চলতি বছরের জানুয়ারি থেকে এখন পর্যন্ত ডেঙ্গুতে মোট আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১ লাখ ৭৫ হাজার ৯৮৫ জনে। আর এখন পর্যন্ত মোট মৃত্যু হয়েছে ৫২৪ জনের। চলতি বছরে মৃতদের মধ্যে জানুয়ারিতে ২ জন, ফেব্রুয়ারিতে ২ জন, মে মাসে ১ জন, জুনে ১৩ জন, জুলাইয়ে ৩৬ জন, আগস্টে ৪৩ জন, সেপ্টেম্বরে ১৪৮ জন এবং অক্টোবরে ১৭৪ জনের মৃত্যু হয়েছে। চলতি বছরে সবচেয়ে বেশি ঢাকা বিভাগে ২৬৫ জনের মৃত্যু হয়েছে। এর পরেই যথাক্রমে খুলনা বিভাগে ৮৮, চট্টগ্রামে ৫৩, ময়মনসিংহে ৪১, বরিশালে ৩৩, রাজশাহীতে ৩১, রংপুরে ৯ জন এবং সিলেট বিভাগে ৪ জন মারা গেছেন।

হাইমচরে দুর্যোগ ব্যবস্থাপনা

রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক, উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কম

পোশাক শ্রমিকদের ন্যূনতম মজুরি নিয়ে ঠিক কী হচ্ছে?

দিগন্ত ডেস্ক

পোশাক শ্রমিকদের ন্যূনতম মজুরি কত হবে মজুরি বোর্ডের সভায় সেই প্রস্তাব দিয়েছে মালিকপক্ষ। তবে, মালিকপক্ষ কত টাকা মজুরি প্রস্তাব করেছে সেই তথ্য প্রকাশ না করার সিদ্ধান্ত নিয়েছে মজুরি বোর্ড।

এদিকে, মালিকপক্ষ যে মজুরি প্রস্তাব করেছে সেটি 'যুক্তিসঙ্গত নয়' বলে জানিয়েছেন শ্রমিক নেতা বাবুল আক্তার।

এর আগে, মজুরি বোর্ডের দ্বিতীয় সভায় শ্রমিকপক্ষ ন্যূনতম মজুরি ৩২ হাজার টাকা করার প্রস্তাব দিয়েছিল।

গত সপ্তাহে মজুরি বোর্ডের তৃতীয় সভা অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও সেটি সেসময় পেছানো হয়েছিল।

অবশেষে সোমবার রাজধানীর সেগুনবাগিচায় নিম্নতম মজুরি বোর্ডের তৃতীয় এই সভা বেলা বারোটায় শুরু হয়।

এই সভার বিরতিতে বিকেল পাঁচটায় এক ব্রিফিং এ, মালিকপক্ষ নিম্নতম মজুরির প্রস্তাব দিয়েছে বলে জানান মজুরি বোর্ডের চেয়ারম্যান সৈয়দ আজাদ সুবহানি।

নিম্নতম মজুরি বোর্ডের চেয়ারম্যান মি. সুবহানি জানান, মালিকপক্ষ তাদের প্রস্তাব দিয়েছে। কিন্তু সেই মজুরি কত তা না জানানোর সিদ্ধান্ত নিয়েছে মজুরি বোর্ড।

তবে মালিকপক্ষের প্রস্তাবে অসন্তোষ প্রকাশ করে শ্রমিকপক্ষের প্রতিনিধি বাবুল আক্তার জানান, শ্রমিকদের প্রস্তাবের সাথে এই প্রস্তাবের ব্যবধান অনেক।

সোমবারও গাজীপুরের বিভিন্ন স্থানে ন্যূনতম মজুরি নিয়ে বিক্ষোভ করেন শ্রমিকরা। শ্রমিকদের মহাসড়ক অবরোধ, অন্যদিকে, পুলিশের লাঠিচার্জ, টিয়ারশেল, সাউন্ড গ্রেনেড নিক্ষেপসহ নানা ঘটনা ঘটেছে।

শ্রমিকদের নিম্নতম মজুরি ঠিক কত টাকা প্রস্তাব করেছে মালিকপক্ষ?

মজুরি বোর্ডের চেয়ারম্যান মি. সুবহানি জানান, মালিকপক্ষ প্রস্তাব দেওয়ার পর, উভয়পক্ষে যুক্তি-পাল্টা যুক্তি হয়েছে। এই প্রস্তাব আরো সংশোধিত হওয়ার কথা রয়েছে বলেও উল্লেখ করেন তিনি।

একইসঙ্গে, চতুর্থ বৈঠক খুব শিগগিরই হতে পারে এবং মঙ্গলবারও এই বৈঠক হতে পারে বলেও জানান মি. সুবহানি।

"আমরা বোর্ড সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত নিয়েছি, মালিকপক্ষ যে প্রস্তাব দিয়েছেন সেটি এখনই আমরা জানাচ্ছি না। কারণ আলটিমেটলি মজুরি বোর্ড যেই সুপারিশ করবে এবং সরকার যেটা নির্ধারণ করবে চূড়ান্তভাবে সেটি কিন্তু মালিকপক্ষকেই বাস্তবায়ন করতে হবে," বলেন নিম্নতম মজুরি বোর্ডের চেয়ারম্যান।

মালিকপক্ষের প্রস্তাব না জানানোর সিদ্ধান্ত কেন নেওয়া হয়েছে এর কারণ হিসেবে তিনি জানান, "ফলে এটি নিয়ে কোন কনফিউশন বা কোন বিভ্রান্তি বা কোন রকমের টেনশন হোক স্টেকহোল্ডারদের মধ্যে, তাই আমরা এটি প্রকাশ না করার সিদ্ধান্ত নিয়েছি।"

ন্যূনতম মজুরি নির্ধারণের জন্য এই বোর্ডের সভা চলাকালীন প্রায় তিন সপ্তাহ ধরেই পোশাক কারখানার শ্রমিকদের বিক্ষোভ চলছে। তবে, যত দ্রুত সম্ভব ন্যূনতম মজুরি নির্ধারণের এই কাজ শেষ করা যায় মজুরি বোর্ড সেটি চেষ্টা করছে বলেও জানান চেয়ারম্যান মি. সুবহানি।

পোশাক কারখানার শ্রমিকদের ন্যূনতম মজুরি ১৪ হাজার তিনশো টাকার প্রস্তাব মালিকপক্ষ করেছে কিনা এমন প্রশ্নে তিনি জানান, "না, এর উপরে।"

মজুরি নির্ধারণের ক্ষেত্রে কি কি বিষয় বিবেচনা করা হয়েছে এমন প্রশ্নে মজুরি বোর্ডের চেয়ারম্যান মি. সুবহানি জানান, মূল্যস্ফীতি, বাজারমূল্য, শ্রমিকদের কার ওপর কত নির্ভরশীলতা, মালিকদের সক্ষমতা, বিশ্ববাজারে প্রতিযোগিতার অবস্থান কী হবে, রপ্তানির বাজারে কম্পিটিটির কারা এবং কেন হচ্ছে কম্পিটিশন এসব নানা বিষয় আলোচনায় রাখা হয়েছে।

তবে, মজুরি বোর্ডের একটি সূত্র জানিয়েছে, মালিকপক্ষ থেকে ১৫ হাজার তিনশো টাকা ন্যূনতম মজুরি প্রস্তাব করা হয়েছে।

সোমবার সকালে মজুরি বোর্ডের তৃতীয় সভা শুরু হওয়ার পর বাংলাদেশের বিভিন্ন গণমাধ্যমে মালিকপক্ষ ১৪ হাজার তিনশো টাকা প্রস্তাব দিতে পারে বলে খবর প্রকাশিত হয়েছিল।

এদিকে, তৃতীয় এই সভার বিরতিতে হওয়া ব্রিফিং এ শ্রমিক নেতা বাবুল আক্তার জানান, মালিকপক্ষ সবসময়ই একটু কম প্রস্তাব দেওয়ার চেষ্টা করে।

"তারা যেটা করছে সেটা শ্রমিক প্রতিনিধি আমাদের কাছে যুক্তিসঙ্গত মনে হয় এবং এটা নিয়ে আমরা আরো কাজ করতেছি," বলেন মি. আক্তার।

এই শ্রমিক নেতা জানান, শ্রমিকদের মজুরি নিয়ে চলমান এই ইস্যু দ্রুত সমাধান করার চেষ্টা করা হচ্ছে। তবে, মালিকপক্ষ এবং শ্রমিকপক্ষ উভয়ই নতুন করে প্রস্তাব দেবে বলে জানান তিনি।

"তাদের প্রস্তাব আমাদের কাছে গ্রহণযোগ্য হয়নি এবং আমাদেরটাও তাদের কাছে গ্রহণযোগ্য হয়নি। আরেকটা রিভাইজড প্রপোজাল শ্রমিকপক্ষ থেকে দেব আবার মালিকপক্ষ থেকেও একটা রিভাইজড প্রপোজাল তারা দেবে," বলেন এই শ্রমিক নেতা।

মালিকপক্ষের মজুরির প্রস্তাবের সাথে তাদের প্রস্তাবের ব্যবধান অনেক বলেও উল্লেখ করেন তিনি। তবে উভয়পক্ষ আবার পুনরায় পরিমার্জিত প্রস্তাব দিলে এই ব্যবধান কমে আসবে বলে জানান তিনি।

ন্যূনতম মজুরি নির্ধারণ না হওয়া এবং উভয়পক্ষ একমত না হওয়া পর্যন্ত এই সভা চলবে বলেও জানান তিনি।

এদিকে, সোমবারও শ্রমিকরা গাজীপুরে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করেছে। পরে পুলিশ ধাওয়া দিয়ে ও সাউন্ড গ্রেনেড ছুঁড়ে মহাসড়ক থেকে তাদের সরিয়ে দেয়।

সোমবারের এই বিক্ষোভের কথা উল্লেখ করে প্রশ্ন করলে শ্রমিক নেতা বাবুল আক্তার, শ্রমিকদের কাজে ফিরে উৎপাদন অব্যাহত রাখার আহ্বান জানান।

একইসঙ্গে, তিনি মনে করেন, ন্যূনতম মজুরির চূড়ান্ত গেজেট প্রকাশ না হওয়া পর্যন্ত শ্রমিকরা চলমান আন্দোলন চালিয়ে যাবে।

পোশাক শ্রমিকদের কবে, কত মজুরি ছিল?

বাংলাদেশে আশির দশকে বিকাশ লাভ করা তৈরি পোশাক শিল্প নব্বইয়ের দশকের শুরুতে এসে প্রধান রপ্তানি খাত হয়ে ওঠে। তখন এ খাতের শ্রমিকদের ন্যূনতম মাসিক মজুরি ছিল ৬২৭ টাকা।

এরপর ১৯৯৪ সালে তৈরি পোশাক শিল্পের শ্রমিকদের জন্য প্রথম মজুরি বোর্ড গঠন করা হয়। এই বোর্ডে ন্যূনতম মজুরি বাড়িয়ে ৯৩০ টাকা নির্ধারণ করা হয়।

এরপর প্রায় একযুগ পর ২০০৬ সালে ন্যূনতম মজুরি বাড়িয়ে ১৬৬২ টাকা ৫০ পয়সা করা হয়।

চার বছর পরে ২০১০ সালে সর্বনিম্ন গ্রেডের মজুরি বাড়িয়ে তিন হাজার, ২০১৩ সালে পাঁচ হাজার তিনশো টাকা এবং ২০১৮ সালে আট হাজার টাকা নির্ধারণ করা হয়।

সবশেষ ২০২৩ সালে পোশাক শ্রমিকদের ন্যূনতম মজুরি বাড়িয়ে সাড়ে ১২ হাজার টাকা করা হয়।

এভাবে তিন দশকের বেশি সময়ে পোশাক খাতের সর্বনিম্ন গ্রেডের শ্রমিকদের মাসিক মজুরি ৬২৭ টাকা থেকে বেড়ে সাড়ে ১২ হাজার টাকায় পৌঁছেছে।

এদিকে, গার্মেন্টস-শ্রমিক ট্রেড ইউনিয়ন কেন্দ্রের সহ-সভাপতি জলি তালুকদার বলছেন, ন্যূনতম মজুরি নিয়ে শ্রমিকদের বিক্ষোভ, সরকারের দমন-পীড়ণের ফলে যে পরিস্থিতি তৈরি হয়েছে সেটি কাম্য নয়।

মালিকপক্ষ যাতে শ্রমিকদের বেঁচে থাকার মতো একটি মজুরি প্রস্তাব করে সে বিষয়ে আহ্বান জানান তিনি।

"মালিকপক্ষকে অনুরোধ করবো, তারা যেন শ্রমিকের বাঁচার মত মজুরি এবং শ্রমিকপক্ষ যে মজুরি দিয়েছে সেটার সাথে সামঞ্জস্যপূর্ণ প্রস্তাবনা দেয় এবং শ্রমিকদেরকে দ্রুত উৎপাদনের সাথে যুক্ত করে কারখানা খুলে দিয়ে এবং শ্রমিকদের জীবন ও শিল্পটাকে সুস্থ, স্বাভাবিক জীবনে ফিরে আনার চেষ্টা তারা করেন, সেই আহ্বান জানাই," বলেন শ্রমিক নেতা জলি তালুকদার।

শেখ হাসিনা '১৬ই ডিসেম্বর ফিরতে চান', 'বাস্তবতা ভিন্ন' বলছে সরকার

দিগন্ত ডেস্ক

বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুই বছরেরও বেশি সময় ধরে ভারতে অবস্থানের পর আগামী ১৬ই ডিসেম্বর দেশে ফিরতে চান। শেখ হাসিনার একজন মুখপাত্রের বরাত দিয়ে মঙ্গলবার এ খবর প্রকাশ করেছে বার্তা সংস্থা রয়টার্স।

তবে, বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির বলেছেন, শেখ হাসিনা দেশে ফিরলে তাকে দন্ডপ্রাপ্ত আসামী হিসেবে দেশে ফেরানো হবে।

"শুধুমাত্র হাতকড়া পরিয়েই দেশে আনা যেতে পারে শেখ হাসিনাকে।"

এছাড়া শেখ হাসিনার জন্য 'এয়ারক্রাফট পাঠানোর আবেদন'কে তিনি নজিরবিহীন ঘটনা বলে মন্তব্য করেছেন বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর।

আর ডিসেম্বর মাস ঘিরে সীমান্তে অনুপ্রবেশ ঠেকাতে বিজিবির সতর্ক অবস্থানের কথা জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার উপদেষ্টা।

২০২৪ সালের জুলাই-অগাস্টের গণ অভ্যুত্থানের মুখে অগাস্টের পাঁচ তারিখে বাংলাদেশ থেকে ভারতে পালিয়ে যান শেখ হাসিনা।

কয়েক মাস আগে তিনি গণমাধ্যমের বরাতে জানান যে ডিসেম্বরে তিনি দেশে ফিরবেন।

তবে, এবারই প্রথম তার ফেরার কোন তারিখ সামনে এলো।

এদিকে, শেখ হাসিনার ডিসেম্বরে বাংলাদেশে ফেরা নিয়ে সাম্প্রতিক সপ্তাহগুলোতে দেশের রাজনীতিতে সংঘাত-সহিংসতা এবং উত্তেজনা চলছে।

সম্প্রতি কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীরা মাঠপর্যায়ে নিজেদের উপস্থিতি জানান দিতে বিভিন্ন জেলা, বিশেষ করে গোপালগঞ্জে ব্যাপক বিক্ষোভ, ভাঙচুর, অগ্নিসংযোগের মত কর্মসূচি পালন করছে।

জবাবে সরকারের পক্ষ থেকেও সহিংসতা দমনে নানা পদক্ষেপ লক্ষ্য করা যাচ্ছে।

রয়টার্সের প্রতিবেদনে যা বলা হয়েছে

বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশে ফেরা নিয়ে মঙ্গলবার সকালে সংবাদটি প্রকাশ করেছে বার্তা সংস্থা রয়টার্স।

যেখানে সৈয়দ মোজাম্মেল আলীকে শেখ হাসিনার মুখপাত্র হিসেবে উল্লেখ করে, তার বরাতে শেখ হাসিনার দেশে ফেরার নির্দিষ্ট তারিখ উল্লেখ করা হয়েছে।

রয়টার্সের প্রতিবেদনে বলা হয়েছে যে, ২০২৪ সালের পাঁচই অগাস্ট দেশ ছাড়ার পর এবারই প্রথম তার দেশে ফেরার নির্দিষ্ট তারিখ জানানো হলো।

এমনকি গণঅভ্যুত্থানের মুখে দিল্লিতে পালিয়ে যাওয়ার পর বাতিল হয়ে যাওয়া কাগজপত্রও (জাতীয় পরিচয়পত্র এবং পাসপোর্ট) বাংলাদেশ সরকারের কাছে চেয়েছেন শেখ হাসিনা।

এছাড়া বাংলাদেশ সরকারের কাছে জাতীয় পতাকাবাহী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সে তার প্রত্যাবর্তনের ব্যবস্থা করারও জন্য অনুরোধ জানিয়েছেন বলে রয়টার্সের প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

শেখ হাসিনার মুখপাত্র এক বিবৃতিতে রয়টার্সকে বলেছেন, "যেহেতু শেখ হাসিনাকে ২০২৪ সালের পাঁচই অগাস্ট বাংলাদেশের একটি বিমানে করে ভারতে নিয়ে যাওয়া হয়েছিল, তাই তিনি এখন তাকে দিল্লি থেকে ঢাকায় ফিরিয়ে আনার জন্য বিমান পরিবহনের ব্যবস্থা করতে সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন।"

'হাতকড়া পরেই ফিরতে হবে' - যা বলছে সরকার

ডিসেম্বরে শেখ হাসিনার দেশে ফেরার ঘোষণা আগে থেকেই বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনীতিতে বাড়তি উত্তেজনার জন্ম দিয়েছে।

মঙ্গলবার রয়টার্সের প্রতিবেদনটি সামনে আসার পর বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির বলেছেন, "শেখ হাসিনাকে শুধুমাত্র কঠোর নজরদারির মধ্য দিয়ে হাতকড়া পরিয়েই দেশে আনা যেতে পারে।"

"মনের জ্বালায় পয়সা দিয়ে, হায়ার করে অনেক লেখাই লেখাইতে পারে কিন্তু রিয়ালিটি আর ডিজায়ার দুই জিনিস," গণমাধ্যমকে বলেন মি. কবির।

মঙ্গলবার সকালে ঢাকায় অবস্থানরত বিভিন্ন দেশের কূটনীতিকদের ব্রিফিং শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী।

"একজন সন্ত্রাসীর কখনই ফেরার অনুমতি থাকে না, তিনি সাধারণ কোনো যাত্রী নন" বলে মন্তব্য করেন প্রতিমন্ত্রী।

'সন্ত্রাসী' বলতে তিনি কাকে বুঝিয়েছেন, সাংবাদিকদের এ প্রশ্নের জবাবে মি. কবির বলেন, "টেরোরিস্ট তো একজনই, আওয়ামী টেরোরিজম। বাংলাদেশের মানুষ টেরোরিজম তো এক জায়গা থেকেই দেখে, আওয়ামী টেরোরিজম - স্পন্সরড বাই হাসিনা, আপা ফ্রম দিল্লি।"

এদিকে, শেখ হাসিনার দেশে ফেরার বিষয়ে মন্তব্য করেছেন বাংলাদেশ সরকারের একাধিক দায়িত্বশীল ব্যাক্তি।

শেখ হাসিনার দেশে ফেরার তারিখ এবং বিমান চেয়ে যে বিবৃতি দেওয়া হয়েছে সেটিকে 'উন্মাদনা' বলে মন্তব্য করেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম।

মঙ্গলবার সকালে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, "একজন পলাতক আসামির পক্ষে আরেকজনের এয়ারক্রাফট চাওয়ার ঘটনাটি পৃথিবীতে বিরল।"

এছাড়া আওয়ামী লীগকে সন্ত্রাসী সংগঠন ঘোষণা করা হবে কী-না এ নিয়েও কথা বলেন চিফ প্রসিকিউটর।

"একজন প্রতিমন্ত্রী আমাদের কাছে আবেদন করেছেন, এ বিষয়ে তদন্ত চলছে। আওয়ামী লীগ যদি নিজেদেরকে সন্ত্রাসী সংগঠন হিসেবে প্রমাণ করে তাহলে বিচারের মাধ্যমে এই সংগঠনের বিরুদ্ধে ব্যবস্থা নিতে সরকার বা ট্রাইবুনাল বাধ্য হবে," বলেন তিনি।

এদিকে, সীমান্তে অনুপ্রবেশ ঠেকাতে বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী কাজ করছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান।

তিনি বলেন, অনুপ্রবেশ ঠেকাতেই সীমান্তে সতর্ক অবস্থান নিয়েছে বিজিবি। কোনো অভিযুক্ত আসামী দেশে অনুপ্রবেশের চেষ্টা করলে তাদেরকে গ্রেফতার করে বিচার নিশ্চিত করা হবে।

"যেহেতু আওয়ামী লীগের হাজার হাজার নেতাকর্মী বিদেশে পালিয়ে আছে, তাদের বিরুদ্ধে যেহেতু মামলা আছে, ডিসেম্বর ঘিরে কোনো অভিযুক্ত আসামী দেশে অনুপ্রবেশ করতে চাইলে তাদেরকে যাতে গ্রেফতার করা যায় একারণেই বিজিবির সতর্কতা," বলেন তিনি।

এফিডেভিট

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে আমার জেডিসি, দাখিল ও আলিম এবং ইসলামী আরবী বিশ্ববিদ্যালয়ের অধীনে ফাযিল শ্রেনির সনদে পিতা ও মাতার নাম ভুল লিপিবদ্ধ করা হয়েছে। নিম্নের তথ্য মোতাবেক তা উল্লেখ করা হল-

* জেডিসি- সাল -২০১৩-রোল নং ৩৯৪৪২১-রেজিঃ নং 1318709300- পিতার নাম- Md. Sakib Hossain, মাতার নাম -Aklima Begum
* দাখিল- সাল -2016--রোল নং 292328 -রেজিঃ নং 1318709300, পিতার নাম-Md. Sakib Hossain, মাতার নাম-Aklima Begum
* আলিম- সাল -2019--রোল নং 616938-রেজিঃ নং 1318709300-পিতার নাম- Md. Sakib Hossain, মাতার নাম-Aklima Begum
* ফাজিল- সাল -2022-রেজিঃ নং 192007649, পিতার নাম-Md. Sakib Hossain, মাতার নাম -Aklima Begum

প্রকৃত পক্ষে, জন্ম সনদ, মায়ের জাতীয় পরিচয় পত্র, পিতার মৃত্যু সনদ ও অন্যান্য কাগজপত্র অনুযায়ী জেডিসি, দাখিল, আলিম ও ফাজিল শ্রেণির সনদে আমার পিতার নাম ও মাতার নাম বিজ্ঞ আদালতের মাধ্যমে সংশোধন করার আবেদন করিলাম। যার এভিডেভিট নং ২৬০, তাং ২৪.১১.২০২৬ সঠিক তথ্যের বিবরণ উল্লেখ্য করা হলো- পিতার সঠিক নাম- **MD JAHANGIR ALAM** এবং মাতার সঠিক নাম- **KAMRUNNAHAR BEGUM.**

-নুসরাত

এফিডেভিট

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে আমার জেডিসি, দাখিল ও আলিম শ্রেনির সনদ, নিবন্ধনপত্র, প্রবেশপত্র এবং সংশ্লিষ্ট ডকুমেন্ট-এ আমার জন্ম তারিখ (10.01.2001) ভুল লিপিবদ্ধ করা হয়েছে।

প্রকৃত পক্ষে, জন্ম সনদ, জাতীয় পরিচয় পত্র, পাসপোর্ট ও অন্যান্য কাগজপত্রে অনুযায়ী জেডিসি, দাখিল ও আলিম শ্রেণির সকল কাগজপত্রে আমার জন্ম তারিখ বিজ্ঞ আদালতের মাধ্যমে সংশোধন করার আবেদন করিলাম। যার এফিডেভিট নং ২৬১, তাং ২৪.১১.২০২৬। সঠিক জন্ম তারিখ হলো- **১৬.০১.২০০১** (ষোল জানুয়ারী দুই হাজার এক)।

-মোঃ রাহাত হোসেন

ভারত ২০৭০ সালেও বৃহত্তম হিন্দু সংখ্যাগরিষ্ঠ দেশ থাকবে, পাকিস্তান হবে সবচেয়ে বেশি মুসলমানের দেশ

দিগন্ত ডেস্ক

আগামী প্রায় পাঁচ দশক ধরে ভারতে হিন্দুরাই ব্যাপকভাবে সংখ্যাগরিষ্ঠ থাকবেন, যদিও দেশটির ধর্মভিত্তিক জনসংখ্যার গঠন ধীরে ধীরে পরিবর্তিত হবে বলে ধারণা করা হচ্ছে।

বিশ্বের ধর্মভিত্তিক জনসংখ্যা ২০৭০ সালে কী রকম হতে পারে, তার একটা পূর্বাভাস পাওয়া গেছে পিউ রিসার্চ সেন্টারের একটি নতুন গবেষণায়।

ওই গবেষণার তথ্য অনুযায়ী, পাকিস্তান ইন্দোনেশিয়াকে ছাড়িয়ে বিশ্বের সবচেয়ে বড়ো মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশ হিসেবে বিবেচিত হবে আর ভারত থাকবে দ্বিতীয় স্থানে। বাংলাদেশেও মুসলিম জনসংখ্যার উল্লেখযোগ্য বৃদ্ধি দেখতে পাবে বলে ধারণা করা হচ্ছে।

পিউ রিসার্চ সেন্টারের গবেষণায় ধারণা করা হয়েছে যে সেই সময়ে হিন্দুরা ভারতের জনসংখ্যার ৭৬% হবে, আর মুসলমান ধর্মাবলম্বীদের অংশ ১৫% থেকে বৃদ্ধি পেয়ে ২০% হবে। শতাংশের হিসাবে ২০২০ সালে হিন্দুরা ছিলেন জনসংখ্যার ৭৯%।

এই পরিবর্তন হবে মূলত বয়স ও প্রজনন-হারের ফারাকের কারণে। ভারতীয় মুসলিমদের গড় বয়স হিন্দুদের থেকে কম এবং গড়পড়তা হিসাবে তাদের সন্তানের সংখ্যাও বেশি।

জনবিন্যাসে পরিবর্তনের ভরকেন্দ্রে ভারত

গোটা দক্ষিণ এশিয়া জুড়ে বৃহত্তর প্রেক্ষিতে জনবিন্যাসে পরিবর্তন হতে পারে বলে পিউ রিসার্চ সেন্টারের গবেষণায় যে তথ্য উঠে এসেছে, তার ভরকেন্দ্রে রয়েছে ভারত।

গবেষণাটি আগামী ৫০ বছরের সময়কালে বিশ্বের ধর্মভিত্তিক জনসংখ্যার গঠন কীরকম হতে পারে, তার একটা অনুমান দিয়েছে। এই গবেষণা চালানো হয়েছে ২০১টি দেশ ও অঞ্চলের তথ্যের ওপর ভিত্তি করে। যার ফলে বিশ্ব জনসংখ্যার প্রায় সবটাকেই অন্তর্ভুক্ত হয়েছে এই গবেষণায়।

পিউ রিসার্চ সেন্টারের এই গবেষণায় ২০২০ থেকে ২০৭০ পর্যন্ত সাতটি ধর্মীয় গোষ্ঠীর জনসংখ্যার ওপরে নজর রাখা হয়েছে। ধরে নেওয়া হয়েছে যে ওই সাতটি গোষ্ঠীর জনবিন্যাসের সাম্প্রতিক প্রবণতা পুরো সময়কাল জুড়ে একই থাকবে।

এই সাতটি ধর্মীয় গোষ্ঠীর প্রতিটির জনসংখ্যা ও গড় বয়স ২০২০ সালের আদমশুমারি ও জরিপের তথ্যে যা ছিল, তার সঙ্গে প্রজনন হারের পার্থক্য ও ধর্ম পরিবর্তনের মতো বিষয়গুলিকেও যুক্ত করা হয়েছে।

এই গবেষণার ফলাফল ভারতকে বৈশ্বিক ধর্মীয় প্রেক্ষাপটের পরিবর্তনের ভরকেন্দ্রে নিয়ে এসেছে।

প্রায় ৩৩.৪ কোটি মুসলমান মানুষকে নিয়ে ভারতই ২০৭০ সালের মধ্যে পাকিস্তানের পরে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম মুসলিম জনসংখ্যার দেশ হয়ে উঠবে বলে ধারণা করা হচ্ছে।

অন্যদিকে প্রায় ৪৬.১ কোটি মুসলমানের দেশ হিসাবে পাকিস্তান ইন্দোনেশিয়াকে ছাড়িয়ে সবচেয়ে বড়ো মুসলিম জনসংখ্যার দেশ হয়ে উঠবে।

তবে ভারতের ধর্মীয় জনবিন্যাসে পরিবর্তনের যে বিভিন্ন নাটকীয় ভাষ্য দেওয়া হয়ে থাকে, পিউ রিসার্চ সেন্টারের গবেষণায় উঠে আসা তথ্য সেসব ভাষ্যকে খুব একটা সমর্থন জোগায় না।

যদি জনবিন্যাসের বর্তমান প্রবণতা অব্যাহত থাকে, তাহলে ২০২০ থেকে ২০৭০ সালের মধ্যে দেশের হিন্দু জনসংখ্যা ১৭.৬ কোটি বৃদ্ধি পাবে বলে গবেষণায় বলা হয়েছে। অর্থাৎ, দেশের জনসংখ্যার তিন-চতুর্থাংশেরও বেশি এখনকার মতো, হিন্দুরাই থাকবেন।

প্রত্যাশিত পূর্বাভাস

ভারতের সামগ্রিক প্রজনন-হার দ্রুত কমলেও মুসলিম নারীরা এখনও গড়ে হিন্দু নারীদের তুলনায় বেশি সন্তান জন্ম দেন। পিউ এই পরিবর্তনকে মূলত জনবিন্যাসের গতিধারার সঙ্গেই যুক্ত করেছে।

ভারতীয় মুসলিমদের গড় বয়স ২০২০ সালে ছিল ২৪ বছর, যেখানে হিন্দুদের গড় বয়স ছিল ২৯।

পিউয়ের হিসাব অনুযায়ী ২০২৫ থেকে ২০৩০ সালের মধ্যে ভারতে মুসলিম নারীদের গড়ে ২.৩টি করে সন্তান হবে, যেখানে হিন্দু নারীদের গড় সন্তান সংখ্যা ১.৮ জন করে।

"ভারতে ধর্মীয় জনসংখ্যায় যে পরিবর্তন হবে, আমাদের ধারণা যে, সেটা পুরোপুরিই চালিত হবে হিন্দু ও মুসলিমদের মধ্যে দীর্ঘদিন ধরে চলে আসা জনবিন্যাসগত পার্থক্যের মাধ্যমেই, যেখানে মুসলিমরা বয়সে তরুণ এবং তাদের প্রজনন হার বেশি," বিবিসিকে বলছিলেন পিউ রিসার্চ সেন্টারের স্টেফানি ক্রেমার।

"প্রজনন হারের ব্যবধান উল্লেখযোগ্যভাবে কমেছে, ১৯৯২ সালে প্রতি নারী গড়ে একটি শিশুর জন্ম দিতেন, সেখান থেকে এখন গড়ে তা অর্ধেক হয়ে গেছে এবং এই হার ক্রমশ কমতে থাকবে," মন্তব্য তার।

"কিন্তু হিন্দুদের মধ্যে যে প্রজনন হার তা ইতোমধ্যেই পরিবর্তন যোগ্য স্তরের নিচে, অন্যদিকে মুসলমানদের প্রজানন হার আরও দুই দশক ধরে সেই স্তরের ওপরেই থাকবে বলে ধারণা করা হচ্ছে," জানাচ্ছিলেন তিনি।

প্রজনন হারের পরিবর্তন যোগ্য স্তর হলো এমন একটি অবস্থা, যেখানে নতুন জন্মের হার একটি স্থিতিশীল জনসংখ্যা বজায় রাখতে যথেষ্ট।

এই পূর্বাভাসগুলো মোটেও অবাক করার মতো নয় বলে জানাচ্ছিলেন প্রিন্সটন ইউনিভার্সিটির ভারতীয় জনসংখ্যাবিদ কেএস জেমস।

"মুসলিম ও হিন্দুদের মধ্যে প্রজনন হারের ব্যবধান তো সুপ্রতিষ্ঠিত তথ্য এবং এর অর্থ হলো আগামী কয়েক দশক মুসলিম জনসংখ্যার বৃদ্ধি দ্রুততরই থাকবে। কিন্তু সব ধর্মীয় সম্প্রদায়ের মধ্যেই প্রজনন হার কমছে এবং এই ব্যবধান আরও কমে আসার প্রত্যাশা রয়েছে," বিবিসিকে বলছিলেন মি. জেমস।

তার কথায়, "শেষ পর্যন্ত, দুই সম্প্রদায়ের প্রজনন হার একটি জায়গায় চলে আসবে।"

তিনি এও বলেন যে এই পূর্বাভাসগুলো ভারতের জনসংখ্যাগত ধারাবাহিকতায় কোনো নাটকীয় পরিবর্তনের দিকে ইঙ্গিত করে না।

হিন্দু দক্ষিণপন্থিদের দাবি খারিজ

হিন্দু দক্ষিণপন্থি গোষ্ঠীগুলো যে প্রায়ই জোরদার দাবি তোলে যে মুসলিমরা শেষ পর্যন্ত হিন্দুদের চেয়ে সংখ্যায় বেশি হয়ে যাবে, সেই দাবি অবশ্য খারিজ করে দিচ্ছেন জনসংখ্যাবিদরা।

তারা বলেন, এরকম কোনো উল্লেখযোগ্য প্রমাণ নেই যে ধর্মান্তরকরণের মাধ্যমে ভারতের জনসংখ্যা পরিবর্তন হচ্ছে। পূর্বাভাসগুলোতেও এরকম কোনো "উদ্বেগজনক পরিস্থিতি" আভাস পাওয়া যাচ্ছে না।

পিউ রিসার্চের এই প্রতিবেদনে দক্ষিণ এশিয়ার একটি বৃহত্তর চিত্রও সমানভাবে উঠে এসেছে।

পাকিস্তানের মুসলিম জনসংখ্যা ২০৭০ সালের মধ্যে দ্বিগুণেরও বেশি হয়ে ৪৬.১ কোটিতে পৌঁছিয়ে যাবে বলে ধারণা করা হয়েছে ওই গবেষণা পত্রে।

এর ফলে ইন্দোনেশিয়াকে ছাড়িয়ে বিশ্বের বৃহত্তম মুসলিম জনগোষ্ঠীর দেশ হবে পাকিস্তান। ভারত ৩৩.৪ কোটি মুসলমানের দেশ হিসাবে দ্বিতীয় স্থানে থাকবে, আর বাংলাদেশের মুসলিম জনসংখ্যা ২১.৮ কোটিতে পৌঁছাবে।

অন্যদিকে, ভারত ও নেপালই শুধুমাত্র বিশ্বের দুটি হিন্দু-সংখ্যাগরিষ্ঠ দেশ হিসাবে থাকবে।

অবশ্যই, এগুলো জনসংখ্যাগত পূর্বাভাস। পিউ রিসার্চ সেন্টার তাদের গবেষণায় ধরে নিয়েছে যে প্রজননের সাম্প্রতিক ধরণ, অভিবাসন এবং ধর্ম পরিবর্তন ইত্যাদি অব্যাহত থাকবে।

"অনেক ঘটনা আছে যা ধর্মীয় জনগোষ্ঠীকে প্রভাবিত করতে পারে, যেমন যুদ্ধ, প্রাকৃতিক দুর্যোগ, মহামারি এবং অর্থনৈতিক বা সামাজিক পরিস্থিতির পরিবর্তন, যা এখানে বিশ্লেষণ করা হয়নি," বলা হয়েছে ওই গবেষণায়।

ভারতের ক্ষেত্রেও ধর্মীয় গঠনের ভিত্তি ধরা হয়েছে ২০২০ সালকে, যা আসলে ২০১১ সালের আদমশুমারিতে ধরা পড়েছিল, কারণ এর পরে আদমশুমারি পিছিয়ে গেছে।

তবুও, বিস্তৃত দিকনির্দেশনাটি স্পষ্ট।

বিশ্বের ধর্মীয় গঠনের জন্য দক্ষিণ এশিয়া অপরিহার্য হয়ে থাকবে। তা যে শুধুমাত্র ভারতের বিপুল সংখ্যক হিন্দু জনসংখ্যার কারণে, তা নয়, বরং ক্রমবর্ধমান মুসলিম জনসংখ্যার কারণে। আফ্রিকা ক্রমশ খ্রিষ্টধর্মের ভবিষ্যৎ গড়ে তুলবে, আর ইউরোপ ও পূর্ব এশিয়ার কিছু অংশ আরও ধর্মনিরপেক্ষ হয়ে উঠবে।

স্পষ্টতই, ২০৭০ সালের মধ্যে, বিশ্বের ধর্মীয় পরিবেশ স্পষ্টভাবে অন্যরকম হয় উঠতে পারে, যেখানে ধর্ম পরিবর্তন নয়, প্রজনন হার, মৃত্যু হার এবং অভিবাসনের অসম সংখ্যাতত্ত্বই নির্ণায়ক হয়ে উঠতে পারে।

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

রালদিয়া, বাবুরহাট, চাঁদপুর।

**